# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Sraban 16, 1433 Bangla, July 31, 2026, Friday, No. 206, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has handed over appointment letters to three persons with disabilities as part of government initiative to promote employment & economic self-reliance. [Jago FM: 10]

LGRD & Cooperatives Minister & BNP Secretary General has said, Prime Minister is raising hopes for social change in post-July Bangladesh. [BBC: 05]

Prime Minister's Office spokesperson has said Malaysia will resume recruitment of Bangladeshi workers in last week of next month. [BBC: 05]

Home Minister has said, govt. will maintain zero-tolerance policy against international human trafficking & cyber scam networks. [Jago FM: 11]

Law, Justice & Parliamentary Affairs Minister has said government had taken into cognisance concerns raised by Human Rights Watch over proceedings at ICT and will examine the issues. [Jago FM: 15]

Education Minister has expressed his determination to build Bangladesh's identity on the world stage by strengthening the foundation of sports from grassroots. [Jago FM: 18]

State Minister for Civil Aviation & Tourism has said govt has reduced airfare for Bangladeshi pilgrims for Hajj to Tk 1,30,000, lowering fare by additional Tk 25,000 for upcoming pilgrimage season. [Jago FM: 18]

According to Center for Policy Dialogue, food inflation causes the heaviest strain on low-income groups and is severely affecting nutrition, education, health and savings of families. [Jago FM: 12]

US Special Envoy for South & Central Asian Affairs, Ambassador Sergio Gor, has expressed optimism about future of Bangladesh-US relations following his first official visit to Bangladesh. [Jago FM: 16]

Authorities in Japan's Kumamoto prefecture has said, number of people who have died after a powerful earthquake hit southwestern Japan has risen to 34. [BBC: 18]

India has continued to supply arms to Israel despite substantial risk of them being used in ongoing genocide against Palestinian in Gaza, according to Amnesty International. [R. Tehran: 07]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**শ্রাবণ ১৬, বাংলা ১৪৩৩, জুলাই ৩১, ২০২৬, শুক্রবার, নং- ২০৬, ৫৬তম বছর**

# শিরোনাম

কর্মসংস্থানের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের আত্মনির্ভরশীল করে তোলাসহ সমাজের মূলধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে তিন প্রতিবন্ধী ব্যক্তির হাতে নিয়োগপত্র তুলে দিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [জাগো এফএম: ১০]

জুলাই-পরবর্তী বাংলাদেশে প্রধানমন্ত্রী সামাজিক পরিবর্তনের আশা জাগাচ্ছেন বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার মন্ত্রী ও বিএনপি মহাসচিব। [বিবিসি: ০৫]

মালয়েশিয়া আগামী মাসের শেষ সপ্তাহে বাংলাদেশি শ্রমিক নিয়োগ পুনরায় শুরু করবে বলে জানান প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র । [বিবিসি: ০৫]

স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, সরকার আন্তর্জাতিক মানব পাচার এবং সাইবার স্ক্যাম নেটওয়ার্কের বিরুদ্ধে শূন্য সহনশীলতা নীতি বজায় রাখবে। [জাগো এফএম: ১১]

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চলমান বিচার নিয়ে মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচের পর্যবেক্ষণ খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী । [জাগো এফএম: ১৫]

তৃণমূল থেকে ক্রীড়ার ভিত্তি গড়ে বিশ্বমঞ্চে বাংলাদেশের পরিচয় গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন শিক্ষামন্ত্রী। [জাগো এফএম: ১৮]

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী বলেছেন, চলতি বছরের হজ মৌসুমে বাংলাদেশি হজযাত্রীদের বিমান টিকিটের মূল্য আরও ২৫ হাজার টাকা কমিয়ে ১ লাখ ৩০ হাজার টাকায় নির্ধারণ করা হয়েছে। [জাগো এফএম: ১৮]

খাদ্য মূল্যস্ফীতি নিম্নআয়ের মানুষের জীবনযাত্রায় সবচেয়ে বেশি চাপ সৃষ্টি করছে এবং এর প্রভাবে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে পরিবারের পুষ্টি, শিক্ষা, স্বাস্থ্য ও সঞ্চয় --- তথ্য সেন্টার ফর পলিসি ডায়ালগ । [জাগো এফএম: ১২]

দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক যুক্তরাষ্ট্রের বিশেষ দূত রাষ্ট্রদূত সার্জিও গর বাংলাদেশে তার প্রথম সরকারি সফর শেষে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে আশাবাদ ব্যক্ত করেছেন। [জাগো এফএম: ১৬]

জাপানের কুমামতো জেলার কর্মকর্তারা জানিয়েছেন, সেখানে উপর্যুপরি ভূমিকম্পে ৩৪ জন নিহত হয়েছেন। [বিবিসি: ১৮]

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল বলেছে, গাজায় ফিলিস্তিনিদের বিরুদ্ধে চলমান গণহত্যায় ব্যবহৃত হওয়ার উল্লেখযোগ্য ঝুঁকি থাকা সত্ত্বেও ভারত ইসরায়েলকে অস্ত্র সরবরাহ অব্যাহত রেখেছে। [রেডিও তেহরান: ০৭]

# বিবিসি

## 'গুমের' অভিযোগ, ঠিক কী ঘটেছিল মোংলার মিরাজ শেখের সাথে?

বাংলাদেশে সুন্দরবন সংলগ্ন এলাকা মোংলার নিখোঁজ জেলে মিরাজ শেখকে খুঁজে বের করে আদালতে হাজির করার আদেশ দিয়েছেন হাইকোর্ট। শেখ হাসিনার সরকারের পতনের পর গত দুই বছরের মধ্যে এটিই গুমের প্রথম ঘটনা বলে ধারণা করছে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ। এই ঘটনায় দেওয়া প্রতিবেদনে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাটি বলেছে, জোরপূর্বক গুমের শিকার হওয়ার আগে মি. শেখকে সর্বশেষ কোস্ট গার্ডের হেফাজতে দেখা গিয়েছিল। এদিকে, বাংলাদেশের সমুদ্র উপকূলীয় অঞ্চলে নিয়োজিত আইন প্রয়োগকারী সংস্থা কোস্ট গার্ড বলছে, আনুষ্ঠানিকভাবে হাইকোর্টের ওই আদেশটি এখনো পায়নি সংস্থাটি। হাইকোর্টের আদেশের বিষয়টি উল্লেখ করে কোস্ট গার্ড সদর দপ্তরের মিডিয়া অফিসার লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজনকে প্রশ্ন করলে বিবিসি বাংলাকে তিনি জানান, গণমাধ্যমে বিষয়টি দেখেছেন। আদালতে মামলাটি বিচারাধীন থাকায় এ বিষয়ে বিস্তারিত কথা বলতে চাননি তিনি, তবে বলেন, "আমরা বিষয়টি গণমাধ্যমের মাধ্যমে অবগত হয়েছি। হাইকোর্টের আদেশটি এখনো অফিসিয়ালি আমরা পাইনি। আদালত থেকে কোনো নোটিশ আমরা পাইনি, পাওয়া সাপেক্ষে আমরা প্রয়োজনীয় জবাব বা তথ্য উপস্থাপন করবো এবং আদালতের পরবর্তী নির্দেশনা পরিপূর্ণভাবে আমরা প্রতিপালন করবো।" হাইকোর্টের আদেশ পাওয়ার ১৫ কার্যদিবসের মধ্যে মিরাজ শেখকে হাজির করার আদেশ দেওয়া হয়েছে বলে জানান আইনজীবী মুজাহিদুল ইসলাম শাহীন। অন্যদিকে, নিখোঁজ মি. শেখের বোন লিজা ইসলামের দাবি, ঘটনার পর থেকে তারা এখনো নানা ধরনের হুমকির শিকার হচ্ছেন।

### মিরাজ শেখের সাথে ঠিক কী ঘটেছিল?

হিউম্যান রাইটস ওয়াচের প্রতিবেদনে বলা হয়েছে, একাধিক প্রত্যক্ষদর্শী গত ১০ এপ্রিল রাতে মোংলার সুন্দরবন সংলগ্ন জয়মনির ঘোল এলাকা থেকে কোস্টগার্ডের সদস্যদের মিরাজ শেখকে স্পিড বোটে করে তুলে নিয়ে যেতে দেখেছেন। পরদিন তার পরিবার মোংলার দিগরাজে কোস্টগার্ডের কার্যালয়ে গেলে প্রথমে তাদের মি. শেখ "একটি অভিযানে আছেন" ও বিকেলে ফিরবেন বলে জানানো হয়। কিন্তু তার পরিবার বিকেলে সেখানে আবার গেলে কোস্টগার্ড তাদের জানায়, মিরাজ শেখ সেখানে কখনোই ছিলেন না- হিউম্যান রাইটস ওয়াচের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। বিবিসি বাংলা মিরাজ শেখের বোন লিজা ইসলামের সঙ্গে কথা বলেছে। তিনি জানান, মাছ ধরার পাশাপাশি মিরাজ শেখ ভাড়ায় মোটর সাইকেল চালাতেন। গত ১০ থেকে ১৫ বছর ধরে তিনি বাগেরহাট-মোংলায় ভাড়ায় সেটি চালাতেন। বোনের ভাষ্য, ১০ এপ্রিল ঘটনার দিন ভোর চারটায় মাছ ধরতে ঘর থেকে বের হন মিরাজ শেখ। সকাল ১১টার দিকে ঘরে ফিরে খেয়ে ঘুমান তিনি। সন্ধ্যায় ঘুম থেকে উঠে গোসল করে ভাত খেয়ে বাড়ির কাছাকাছি একটি চায়ের দোকানে যান মিরাজ। সেসময় তার মোটর সাইকেলটিও সেখানে ছিল। লিজা ইসলাম বলেন, আল আমিনের চায়ের দোকানে যান তার ভাই। "ওই চায়ের দোকানের ঠিক উল্টো দিকে নদীর ভেতরে কোস্টগার্ডের হারবাড়িয়া স্টেশন। ওই স্টেশন থেকে দুইজন কোস্টগার্ড ও আমাদের গ্রামের মাঝি মিজান যে তাদের বোট চালায়, তারা নদীর পাড়ে চায়ের দোকানের সামনে এসে আমার ভাইকে ধরে মারধর শুরু করে।" সেসময় আশেপাশে শ'খানেক মানুষ সেখানে জড়ো হয় বলে জানান তিনি। এ সময় মিরাজ জানতে চান- তিনি কী করেছেন, অপরাধ কী। তাকে তারা উত্তর দেয়- "পরে জানতে পারবে", বলেন লিজা ইসলাম। তিনি জানান, ছোটো নৌকায় তার ভাইসহ চারজন যাওয়া যাবে না বলে আরেকটি নৌকায় যায় কোস্টগার্ডের দুইজন এবং পরে নদীর ভেতরে থাকা হারবাড়িয়া কোস্টগার্ডের পন্টুনে তাদের নামিয়ে দেওয়া হয়। লিজা ইসলাম বলেন, এরপর পন্টুনের একটি কক্ষে নিয়ে যাওয়া হয়। সেই কক্ষের থাই গ্লাস কালো কম্বল দিয়ে ঢেকে দেওয়া হয়। "ওই মুহূর্তে আমার ভাবীসহ মা-বাবা সবাই উপস্থিত ছিল, সবাই নিজের চোখে দেখে এবং গ্রামবাসীও ছিল। কম্বল টানানোর পরে আমার ভাইয়ের অনেক চিৎকার শোনা যায়, আমার ভাইকে অনেক মারধর করে," বলেন মিজ ইসলাম। তিনি দাবি করেন, এর আধা ঘণ্টা পরে সেখানে কোস্ট গার্ড লেখা একটি স্পিডবোট আসে, যেটিতে করে মি. শেখকে নিয়ে যাওয়া হয়। তবে কোথায় নেওয়া হয়, তা জানানো হয়নি পরিবারকে। "আট থেকে দশজন সবাই ইউনিফর্ম পরে ছিল। তারা ওই স্টেশনে উঠে ওর সাথে ছবি ও ভিডিও করে। আমার ভাইকে ওরা ধাক্কা দিয়া বোটে ফেলায়। ওকে এতটা মারছিল যে, ও হাঁটতে পারছিল না, খোঁড়ায় খোঁড়ায় হাঁটছিল," বলেন লিজা ইসলাম। তিনি জানান, মিরাজের মোটর সাইকেলটি সেসময় ওই চায়ের দোকানেই ছিল। পরে তার স্ত্রী মুক্তা খাতুন স্থানীয় মেম্বারকে তার স্বামীকে নিয়ে যাওয়ার বিষয়টি অবহিত করলে তিনি হারবাড়িয়া স্টেশন কোস্ট গার্ডের কর্মকর্তাকে ফোন করেন। তবে তিনি রিসিভ করেননি বলে দাবি করেন মিজ ইসলাম। পরে মুক্তা খাতুন নিজেই ওই কর্মকর্তাকে ফোন করলে রিসিভ করেন তিনি। মিজ ইসলাম বলেন, "ওই কর্মকর্তা বলেন, তোমার স্বামীকে নিয়েছি আমরা সন্দেহভাজন হিসেবে। যদি কোনো অপরাধ পাই, তাহলে মামলা দেবো। যদি অপরাধ না পাই, তাহলে ছেড়ে দেব দুই-তিনদিন পরে।" এ সময় তার সাথে ১০ মিনিটের মতো কথা হয় এবং ১০ এপ্রিল থেকে তিনদিন কোস্ট গার্ডের ওই স্থানীয় কর্মকর্তার সাথে মিরাজ শেখের স্ত্রীর কথা হয় বলে দাবি করেন লিজা ইসলাম। মিরাজ শেখের নিখোঁজের পর কোস্ট গার্ডের মহাপরিচালক বরাবর তার সন্ধান চেয়ে স্ত্রী মুক্তা খাতুন একটি আবেদন করেছিলেন। সেটি তার আইনজীবী বিবিসি বাংলাকে দিয়েছেন। ওই আবেদনটিতে কোস্ট গার্ডের কর্মকর্তার সাথে একাধিকবার

যোগাযোগের কথা উল্লেখ করা হয়েছে। এতে বলা হয়েছে, “১০, ১১ ও ১২ এপ্রিল পল্টন কোস্ট গার্ডের একজন সদস্যের (সিসি) সাথে আমাদের একাধিকবার কথা হয় এবং তিনি স্বীকার করেন যে, মিরাজ তাদের হেফাজতে আছে।” স্বামীকে খুঁজতে সেখানেও মিরাজ শেখের স্ত্রী মুক্তা খাতুন যান বলে উল্লেখ করেন লিজা ইসলাম। তিনি জানান, কোস্টগার্ডের সদস্যরা মুক্তাকে বলেন, মিরাজ নামে কোনো লোক আসেনি সেখানে। “আমার ভাবি অনেক কান্নাকাটি করার পর বলে মিরাজকে নিয়ে অপারেশনে যাওয়া হচ্ছে,” বলেন মিজ ইসলাম। পরে মুক্তা খাতুনকে বিকেল ৪টায় যেতে বলা হয়। বিকেল ৪টায় সেখানে গেলে এই নামে কাউকে আটক করা হয়নি বলে জানান কতর্ব্যরত কোস্ট গার্ড সদস্যরা। তারা সম্পূর্ণভাবে অস্বীকার করেছে বলে মহাপরিচালকের কাছে দেওয়া আবেদনে বলা হয়েছে।

এদিকে, এই ঘটনা সম্পর্কে কথা বলতে চাইলে নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় একজন সাংবাদিক জানান, “কোস্ট গার্ডের সদস্যরা সেদিন তাকে তুলে নিয়ে গিয়েছিল, এটাও ঘটনা সত্যি। পরে আসলে তাকে নিয়ে একটা অভিযানে যায়। কিন্তু তার পরিবার স্থানীয় প্রতিমন্ত্রীকে দিয়ে বিভিন্ন মহলে কথা বলায়। তার হদিস পাওয়া যায় নাই। পরে তারা সেটা পুরাই লুকিয়ে ফেলে। এখনো মিরাজ শেখ নিখোঁজ এটাতো সত্যি।” এদিকে, মোংলা থানা পুলিশ প্রথমে জিডি নিতে অসহযোগিতা করেছিল বলে দাবি করেছেন মিরাজ শেখের বোন লিজা ইসলাম। পরে ২৩ এপ্রিল থানায় জিডি করা হয়। তবে, মোংলা থানা পুলিশ অসহযোগিতার বিষয়টি অস্বীকার করেছে। মোংলা থানার ওসি আতিকুর রহমান বলেন, “এটা সঠিক নয়। ২১ তারিখেই তারা এসেছিল, আমরা জিডি নিয়েছিলাম।” তিনি ১৫ এপ্রিল ওই থানায় যোগদান করেছেন। তবে এর আগে, তারা থানায় এসেছিল কি না বিষয়টি জানেন না বলে উল্লেখ করেন। মিরাজ শেখের পরিবারের সদস্যরা জিডিতে কোস্টগার্ডের কারো বিরুদ্ধেই অভিযোগ করেনি বলে জানান মি. রহমান। মোংলা থানার ওসি আতিকুর রহমান বলেন, “২১ এপ্রিল মিরাজের ফ্যামিলি একটা নিখোঁজ জিডি করে। সেটাতে কাউকে সন্দেহ করেনি, বাসা থেকে নিখোঁজের কথা শুধু বলেছে। জিডিতে বলেছে, মিরাজ শেখ বাসা থেকে বিকালের দিকে বের হয়েছিল। তারপর থেকে নিখোঁজ।” এছাড়া, কোস্ট গার্ডের জাহাজ বা কার্যালয় ভাঙচুরের বিষয়ে প্রশ্ন করলে তিনি জানান, মামলাটি তদন্তাধীন রয়েছে।

হিউম্যান রাইটস ওয়াচের প্রতিবেদনে, মিরাজ শেখের বাইকটি নিয়ে যাওয়ার পর ফেরত দেওয়া হয়েছে বলে উল্লেখ করা হয়েছে। এদিকে, ভাইয়ের খোঁজ চেয়ে মানববন্ধন করা হয় এবং সেখানে কোস্টগার্ডের সদস্যরা তাদের হামলা ও মারধর করে বলে দাবি করেন লিজা ইসলাম। পরে মিরাজ শেখকে ফিরে পেতে তার স্ত্রী, বোন ও মা হারবাড়িয়া কোস্ট গার্ড স্টেশনে গিয়ে অনুরোধ করলে তাদেরও মারধর করা হয় বলে দাবি করেন লিজা ইসলাম। তবে নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় একজন সাংবাদিক জানান, মিরাজ শেখের পরিবারের সদস্যরা কোস্ট গার্ডের সদস্যদের সাথে কথা বলতে গেলে উভয়ের মধ্যে বাকবিতণ্ডা হয়েছিল। সেখানে মিরাজের পরিবার লাঞ্ছনার শিকার হলে এলাকাবাসী জড়ো হয়ে হামলা ও ভাঙচুর চালায়। হামলা ও ভাঙচুরের অভিযোগ এনে কোস্ট গার্ড মামলা দায়ের করেছে বলে জানান লিজা ইসলাম। “ওরা আমাদের ওপর অনেক অত্যাচার করছে, আমাদের তিনজন মহিলাকেই আটকায়ে রাখছিল। আমাদের থানায় পাঠায়ে গ্রামবাসীর ওপর অত্যাচার করে এবং অনেককে আটক করে। এমনকি যারা গ্রামের বাইরে থাকে তাদের নামেও মামলা দিয়েছে। ৩০০ জন অজ্ঞাত এবং ৪০ জন গ্রামবাসীর নামে মামলা দিয়েছে। আমরা ২৭ দিন কারাগারে ছিলাম,” বলেন লিজা ইসলাম। তাদের বিরুদ্ধে দুইটি মামলা দায়ের করা হয়েছে বলে জানান মিজ ইসলাম। পরে ৯ জুলাই জামিনে মুক্ত হন গুমের শিকার মিরাজ শেখের স্ত্রী মুক্তা খাতুন, বোন লিজা ইসলাম এবং তার মা। পরে মিরাজ শেখের সন্ধান চেয়ে তার পরিবার হাইকোর্টে একটি রিট দায়ের করেন। সুপ্রিম কোর্টের আইনজীবী মুজাহিদুল ইসলাম শাহীন জানান, ওই আবেদনের শুনানি করে ১২ জুলাই হাইকোর্ট মিরাজ শেখ কোথায়, কী অবস্থায় আছেন এবং তাকে খুঁজে বের করে আদালতে হাজির করার নির্দেশ দিয়েছেন। “আদালত রুল ইস্যু করছে এবং ডিরেকশন দিয়েছে তাকে কোর্টে হাজির করার জন্য, অথবা তার অবস্থান কোথায়, কী অবস্থায় আছে- এটা কোর্টকে অবহিত করার জন্য। আদেশ পাওয়ার ১৫ কার্যদিবসের মধ্যে এটা করতে বলা হয়েছে,” বলেন মি. শাহীন। হিউম্যান রাইটস ওয়াচের এশিয়া অঞ্চলের উপ-পরিচালক মীনাক্ষী গাঙ্গুলী প্রতিবেদনে বলেছেন, “শেখ হাসিনার ১৫ বছরের শাসনামলে হাজার হাজার মানুষ গুমের শিকার হয়েছেন এবং সাম্প্রতিক এই ঘটনাটি নির্দেশ করে, প্রকৃত সংস্কার না হলে এমন ঘটনা আবার ঘটতে পারে।” “এটি স্পষ্ট যে, এই ধরনের সংস্কৃতি বাংলাদেশের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোর মধ্যে গভীরভাবে শিকড় গেড়েছে। তাই সংস্কারের প্রতিশ্রুতি দেওয়া নতুন সরকারের উচিত, গুম প্রতিরোধে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা, প্রাতিষ্ঠানিক সংস্কার আনা এবং জবাবদিহিতা নিশ্চিত করা”- এ কথা বলেছেন মীনাক্ষী গাঙ্গুলী। (বিবিসি ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ নারগীস)

## সিলেটে এনসিপির কর্মসূচিকে কেন্দ্র করে বিজিবি মোতায়েন, ছয় উপজেলার নিরাপত্তা ব্যবস্থা জোরদার

সিলেটের জেলা প্রশাসক আবদুল্লাহ আল মামুন বিবিসি বাংলাকে জানিয়েছেন, এনসিপির কর্মসূচিকে কেন্দ্র করে পাঁচ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। সেইসাথে, পরিস্থিতি নিয়ন্ত্রণে বাড়তি পুলিশও দায়িত্বরত আছে। সিলেটের ১৩টি উপজেলার মাঝে ছয়টি উপজেলার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। সেগুলো হলো— কানাইঘাট, গোলাপগঞ্জ, ওসমানীনগর, কোম্পানীগঞ্জ, গোয়াইনঘাট ও জৈন্তাপুর উপজেলা। গত মঙ্গলবার হবিগঞ্জে এনসিপির পদযাত্রায় হামলার অভিযোগ ওঠে ছাত্রদলের নেতাকর্মীদের বিরুদ্ধে। ওই হামলায় আহত হন দলটির মুখ্য সমন্বয়ক

নাসীরুদ্দীন পাটওয়ারী, উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলমসহ বেশ কয়েকজন নেতাকর্মী। এর প্রতিবাদে এনসিপি বুধবার সমাবেশ ডাকলে ছাত্রদল একই স্থানে সমাবেশ ডাকে। পরে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কায় ১৪৪ ধারা জারি করে প্রশাসন। প্রতিবাদ সমাবেশে যোগ দিতে দলের আহ্বায়ক নাহিদ ইসলামসহ কেন্দ্রীয় নেতারা হবিগঞ্জ যেতে চাইলে পুলিশ বাধা দেয়। পরে তারা বাহুবল থেকে মৌলভীবাজার ফিরে যান। বুধবার রাতে জুলাই পদযাত্রায় হামলার ঘটনায় হবিগঞ্জ জেলা ছাত্রদলের সভাপতিসহ ১১ জনের নাম উল্লেখ ও অজ্ঞাতনামা আরো ১০০ জনের নামে জেলা পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছে এনসিপি। শুক্রবার আরও তিন উপজেলায় এ পদযাত্রা করার কর্মসূচি রয়েছে এনসিপির। (বিবিসি ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ নারগীস)

## আগস্টের শেষ সপ্তাহে খুলছে মালয়েশিয়ার শ্রমবাজার : মাহদী আমিন

দ্বিপাক্ষিক বৈঠকে দুই দেশের ঐকমত্যের ভিত্তিতে সব খাতের শ্রমিকদের জন্য মালয়েশিয়ায় যাওয়ার সুযোগ তৈরি হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও তার কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। আজ বৃহস্পতিবার বেলা ৩টায় কুয়ালালামপুরে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী। মাহদী আমিন বিবিসি বাংলাকে বলেন, "আমরা বাস্তবসম্মত একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছি, আগামী মাসের (আগস্ট) শেষ সপ্তাহ থেকেই মালয়েশিয়ায় বাংলাদেশি শ্রমিকদের যাওয়া শুরু হবে।" আগামী এক মাসের মধ্যে কর্মী যাওয়া শুরু হলে তা দীর্ঘমেয়াদে বাংলাদেশের অর্থনীতিতে বড় ভূমিকা রাখবে জানিয়ে তিনি সাধারণ মানুষকে দালাল ও অসাধু চক্রের প্রতারণা থেকে সচেতন থাকার আহ্বানও জানান। অন্তবর্তীকালীন সরকারের আমলে মালয়েশিয়া সরকারের কাছে পাঠানো ৪২৩টি রিক্রুটিং এজেন্সির তালিকার প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, চলতি বছরের ডিসেম্বর পর্যন্ত বহাল থাকা বর্তমান সমঝোতা স্মারকের ভিত্তিতে মালয়েশিয়া নিজস্ব যাচাই-বাছাই ও কাঠামোর ওপর ভিত্তি করে এজেন্সির চূড়ান্ত সংখ্যা নির্ধারণ করবে। তিনি আরও বলেন, "ইতোমধ্যে বাংলাদেশের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে বিগত ফ্যাসিবাদের সাথে জড়িত, বিভিন্ন ধরনের দুর্নীতি এবং অনৈতিক কর্মকাণ্ডে লিপ্ত ব্যক্তিবর্গের লাইসেন্স বাতিল করা হয়েছে।" "সুতরাং আমরা মালয়েশিয়া সরকারের কাছে আমাদের স্পষ্ট বার্তা পৌঁছে দিয়েছি যে, যারা ফ্যাসিবাদী ও অনৈতিক কর্মকাণ্ডের সাথে যুক্ত ছিল কিংবা সিন্ডিকেটের অংশ হিসেবে দুর্নীতি করেছে, তাদের কেউই নতুন তালিকায় স্থান পাবেন না। মালয়েশিয়ান কর্তৃপক্ষ অল্প কিছুদিনের মধ্যেই বিষয়টি নিশ্চিত করবে," বলেন মাহদী আমিন।(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ নারগীস)

## চার-পাঁচ মাসের মন্ত্রিত্বের অভিজ্ঞতায় দেখেছি, কিছুই বদলায়নি : মির্জা ফখরুল

"আমার এই চার-পাঁচ মাসের মন্ত্রীত্বের অভিজ্ঞতা বলা দরকার, আমি দেখছি, কিছুই বদলায় নাই। যারা ঘুস খেত, তারা একইভাবে ঘুস খাওয়ার ফন্দি-ফিকির করছে। একইভাবে যারা ভালো একটা কাজকে আটকে দিতো, তারা আটকে দিচ্ছে," বলেছেন বাংলাদেশের স্থানীয় সরকার মন্ত্রী ও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার ঢাকায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। তিনি আক্ষেপ প্রকাশ করে বলেন, "আমার বয়স অনেক। আমি তো সত্যিকারার্থেই এবার পরিবর্তনটা দেখতে চেয়েছিলাম। এখন পর্যন্ত সেটা আমরা আমাদের মধ্যে দেখছি না। "কিন্তু আশাবাদী হই এই কারণেই যে, আমি একজন মানুষের মধ্যে পরিবর্তন দেখেছি। সেটা তারেক রহমান। তিনি চেষ্টা করছেন। তিনি নতুন নতুন নজির স্থাপন করছেন। সেই নজিরকে সবাই মিলে সামনে নিয়ে গেলে হয়ত এই পরিবর্তনটা হবে।" মির্জা ফখরুল ইসলাম আলমগীর আরও বলেন যে, সকলে যদি মন-মানসিকতায় পরিবর্তন আনেন, তাহলে জুলাই আন্দোলন সফল হবে।
(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ আলী আহমেদ)

## এবার সিলেটের গোলাপগঞ্জে এনসিপি নেতা সারজিসের গাড়িতে হামলার অভিযোগ

জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলমের গাড়িতে আবারও হামলা হয়েছে বলে অভিযোগ করেছে দলটি। আজ দুপুর সোয়া ৩টার দিকে এনসিপির আহ্বায়ক ও জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম এক ফেসবুক পোস্টে এ তথ্য জানান। তিনি লিখেছেন, সিলেটের গোলাপগঞ্জ থেকে সিলেটে ফেরার পথে এই ঘটনা ঘটেছে। "সিলেটের গোলাপগঞ্জে শহিদ পরিবারের সঙ্গে সাক্ষাৎ শেষে সিলেটে ফেরার পথে এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলমের গাড়িতে আবারও বর্বরোচিত হামলা চালিয়েছে বিএনপির সন্ত্রাসী বাহিনী," বলেন তিনি। সারজিস আলমও সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন, "২য় দফায় বিএনপির সন্ত্রাসীরা আমাদের উপরে আবার আক্রমণ করেছে সিলেটের পাঁচ মাইল বাজারে। তারেক রহমান কি শেখ হাসিনা হতে চায়?" এর আগে, আজ বৃহস্পতিবার দুপুর পৌনে ৩টার দিকে সারজিস আলম আরেকটি পোস্টে লেখেন, "সিলেটের গোলাপগঞ্জে আবার আমাদের গাড়িতে রক্তাক্ত হামলা করেছে বিএনপির সন্ত্রাসীরা। গাড়ি ভাঙচুর করেছে। এদিকে, সিলেটের পুলিশ জানিয়েছে, গোলাপগঞ্জে কর্মসূচি শেষ করে সিলেটের কানাইঘাটে যাওয়ার পথে সারজিস আলমের ঘাড়ি লক্ষ্য করে ঢিল ছোড়ার ঘটনা ঘটেছে। এতে গাড়ির কাঁচ ভেঙেছে, কেউ হতাহত হয়নি। প্রসঙ্গত, গত মঙ্গলবার হবিগঞ্জে এনসিপির পদযাত্রায় হামলার ঘটনা ঘটে। সে ব্যাপারে স্থানীয় বিএনপি ও ছাত্রদলের নেতা-কর্মীদের বিরুদ্ধে অভিযোগ করেছিল এনসিপি। যদিও বিএনপি নেতারা হামলার অভিযোগ অস্বীকার করেছেন।

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ আলী আহমেদ)

## কোর্টে ৮৬ জন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও ১৭৯ জন সহকারী অ্যাটর্নি জেনারেল নিয়োগ

সুপ্রিম কোর্টে রাষ্ট্রপক্ষে দায়িত্ব পালনের জন্য ৮৬ জন ডেপুটি অ্যাটর্নি জেনারেল নিয়োগ করেছে সরকার। বৃহস্পতিবার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর কার্যালয় থেকে এ বিষয়ে পৃথক দু'টি প্রজ্ঞাপন জারি করে এ কথা জানানো হয়েছে। পাশাপাশি, ১৭৯ জন সহকারী অ্যাটর্নি জেনারেলও নিয়োগ দেওয়া হয়েছে। আগের সব নিয়োগ বাতিল করে নতুন করে ডেপুটি অ্যাটর্নি জেনারেল এবং সহকারী অ্যাটর্নি জেনারেলদের নিয়োগ দেওয়া হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ আলী আহমেদ)

## শীঘ্রই চীনের তৈরি আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা পেতে যাচ্ছে ইরান : রয়টার্স

কয়েক সপ্তাহের মধ্যেই চীনের তৈরি কাঁধে বহনযোগ্য আকাশ প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র ব্যবস্থা পেতে যাচ্ছে ইরান। যুক্তরাষ্ট্রের সাথে সাম্প্রতিক যুদ্ধের পর নিজেদের প্রতিরক্ষা সক্ষমতা পুনর্গঠন করতে চাচ্ছে ইরান। আর তারই ধারাবাহিকতায় চীনের তৈরি প্রায় ৪০০টি কাঁধ থেকে নিক্ষেপযোগ্য আকাশ প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র লঞ্চারের প্রথম চালান আগামী কয়েক সপ্তাহের মাঝেই ইরানের হাতে পৌঁছাতে পারে। ইরান ও চীনের এই চুক্তি সম্পর্কে অবগত, এমন তিনটি সূত্র বিষয়টি বার্তা সংস্থা রয়টার্সকে জানিয়েছে। এই চুক্তির ক্রয়মূল্য প্রায় প্রায় ছয় থেকে সাত কোটি মার্কিন ডলার। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে যুদ্ধ শুরুর পর থেকে ইরানের স্বল্প-পাল্লার আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালী করার সবচেয়ে বড়ো উদ্যোগগুলোর একটি হলো এটি। কারণ এই যুদ্ধ ইরানের দুর্বলতাগুলোকে সামনে এনে দিয়েছে। বিশেষ করে এই যুদ্ধে এটি স্পষ্ট হয়েছে যে, ইরানের সামরিক ঘাঁটি ও কৌশলগত গুরুত্বপূর্ণ অবকাঠামো সুরক্ষা ব্যবস্থার মাঝে অনেক দুর্বলতা রয়েছে। সূত্রগুলো বলছে, চুক্তির আওতায় চীনে তৈরি কিউডব্লিউ-১২ ও এফএন-১৬ মডেলের ৩০০ থেকে ৪০০টি কাঁধে বহনযোগ্য আকাশ প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র ব্যবস্থা (ম্যান পোর্ট্যাবল এয়ার ডিফেন্স সিস্টেমস বা এমএএনপিএডিএস) কানা হতে পারে এবং এই চুক্তিটি হংকংভিত্তিক কোম্পানি 'ঝোংকিং বাওশাং ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট'-এর সাথে হয়েছে। কোম্পানিটি ইরান ও চীনের সরবরাহকারী প্রতিষ্ঠানের মধ্যে মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করছে। এ বিষয়ে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় তাৎক্ষণিকভাবে কোনো জবাব দেয়নি। আর, চীনের চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, “এ সংক্রান্ত প্রতিবেদন সম্পূর্ণ ভিত্তিহীন। চীন সবসময় শান্তি প্রতিষ্ঠা এবং সংঘাতের অবসান ঘটাতে ভূমিকা রেখে এসেছে।”

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ আলী আহমেদ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাত শিক্ষককে অব্যাহতি, অন্যতম কারণ ‘জুলাইবিরোধী’ অবস্থান

জুলাই গণ-অভ্যুত্থানের সময় শিক্ষার্থীদের বিরুদ্ধে অবস্থান নেওয়াসহ বিভিন্ন অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সাতজন শিক্ষককে সব ধরনের একাডেমিক ও প্রশাসনিক দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। আজ বৃহস্পতিবার, ৩০ জুলাই বিষয়টি বিবিসি বাংলাকে নিশ্চিত করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ও উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম। তিনি বলেন, “এদের একেকজনের বিরুদ্ধে ভিন্ন ভিন্ন অভিযোগ আছে। তবে জুলাই আন্দোলনের বিপক্ষে অবস্থান নেওয়াটা তো অবশ্যই একটা মূল কারণ। এটা কমন।” গত মঙ্গলবার, ২৮ জুলাই রাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় “জুলাইয়ের চেতনা বিরোধী কর্মকাণ্ডে জড়িত ব্যক্তি, গোষ্ঠী ও সংগঠনের বিরুদ্ধে” ব্যবস্থা নেওয়ার লক্ষ্য থেকে এসব সিদ্ধান্ত নেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর এ সংক্রান্ত একটি সংবাদ বিজ্ঞপ্তি পাঠিয়েছে। সেখানে বলা হয়েছে, পৃথক পৃথক অভিযোগে তিনজন শিক্ষককে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। এছাড়া, চারজন শিক্ষককে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল অ্যাকাডেমিক ও প্রশাসনিক দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। এই তালিকায় আছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. সাদেকা হালিমও। তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। তার বিষয়ে সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, “শ্রেণিকক্ষ ও শ্রেণিকক্ষের বাইরে অশিক্ষকসুলভ আচরণ, নৈতিক স্খলনজনিত অপরাধ-সহ বিভিন্ন অভিযোগে” তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। এছাড়া, বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীদের অভিযোগ এবং তথ্যানুসন্ধান কমিটির রিপোর্টের ভিত্তিতে নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম এবং অধ্যাপক ড. আফরোজা শেলীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত নেওয়া হয় সিন্ডিকেট সভায়। “জুলাই গণ-অভ্যুত্থানের চেতনা পরিপন্থি কার্যক্রম, বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ও সরকার বিরোধী অপপ্রচার এবং নিষিদ্ধ সংগঠনের পক্ষে অবস্থান গ্রহণ ও হুমকি প্রদানের অভিযোগে” ক্লিনিক্যাল ফার্মেসী ও ফার্মাকোলজি বিভাগের অধ্যাপক ড. মো. আব্দুল মুহিতকে চেয়ারম্যানের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে এবং তাকে বিশ্ববিদ্যালয়ের সকল অ্যাকাডেমিক ও প্রশাসনিক দায়িত্ব থেকে বিরত রাখা হয়েছে বলে এতে জানানো হয়। একই অভিযোগে ঔষধ প্রযুক্তি বিভাগের অধ্যাপক ড. আবু সারা শামসুর রউফ এবং শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলামকেও অ্যাকাডেমিক ও প্রশাসনিক দায়িত্ব থেকে সরানো হয়েছে। ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিনের বিষয়ে অভিযোগ হলো- তিনি নানাবিধ অনিয়মের সাথে যুক্ত এবং এম ফিল ও পিএইচডি থিসিসের মধ্যে সাদৃশ্যমূলক চৌর্যবৃত্তি করেছেন। তাই, তাকেও বিশ্ববিদ্যালয়ের সকল অ্যাকাডেমিক ও প্রশাসনিক দায়িত্ব থেকে বিরত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## সিলেটের সারজিসদের ওপর হামলা, বিএনপি-ছাত্রদলকে দায়ী করল এনসিপি

বাংলাদেশের হবিগঞ্জের পর এবার সিলেটে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) শীর্ষ নেতাদের গাড়িবহরে হামলার ঘটনা ঘটেছে। আজ (বৃহস্পতিবার) দুপুরে সিলেটের গোলাপগঞ্জ এবং পরবর্তীতে পাঁচ মাইল বাজার এলাকায় পরপর দুই দফায় এই হামলার অভিযোগ ওঠে। এতে এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ডা. মাহমুদা আলম মিতুকে বহনকারী গাড়ির কাচ ভেঙে গুঁড়ো হয়ে যায়। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রের বরাতে জানা যায়, বৃহস্পতিবার দুপুরে গোলাপগঞ্জ পৌরসভা অডিটোরিয়ামে জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ পরিবারের সদস্যদের সঙ্গে এনসিপির সাক্ষাৎ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে বেলা পৌনে তিনটার দিকে সারজিস আলম ও অন্যান্য নেতাদের বহনকারী গাড়িবহর অডিটোরিয়াম ত্যাগ করার সময় কতিপয় ব্যক্তি 'ভুয়া ভুয়া' স্লোগান দিয়ে গাড়ি লক্ষ্য করে পানির ও কোমল পানীয়র বোতল এবং ঢিল ছুড়ে মারে। এতে সারজিস আলমের গাড়ির পেছনের ও ডান পাশের গ্লাস ভেঙে যায়। পুলিশ জানিয়েছে, এই ঘটনায় কেউ হতাহত হয়নি। পরবর্তীতে পুলিশ পাহারায় তাদের গাড়ি সিলেটের দিকে রওয়ানা হয়। তবে সিলেটে ফেরার পথে পাঁচ মাইল বাজার এলাকায় পৌঁছালে আবারও দ্বিতীয় দফায় হামলার শিকার হয় বহরটি। এনসিপি নেতাদের অভিযোগ, সেখানে চাপাতি ও রামদা নিয়ে হামলা চালানো হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে এই হামলার তীব্র প্রতিবাদ জানিয়েছেন এনসিপির শীর্ষ নেতারা। সিলেট সার্কিট হাউসে ফিরে সারজিস আলম ও ফেসবুক পোস্টে এই ঘটনার জন্য ছাত্রদল ও বিএনপির নেতাকর্মীদের দায়ী করেন। এক ফেসবুক পোস্টে তিনি লেখেন, "সিলেটের পাঁচ মাইল বাজারে বিএনপির সন্ত্রাসীরা আমাদের ওপর আবার আক্রমণ করেছে। তারেক রহমান কি শেখ হাসিনা হতে চায়?"

হামলার খবর জানিয়ে এনসিপির আহ্বায়ক ও জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম এক ফেসবুক পোস্টে লেখেন, "সিলেটের গোলাপগঞ্জে শহিদ পরিবারের সঙ্গে সাক্ষাৎ শেষে সিলেটে ফেরার পথে এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলমের গাড়িতে আবারও বর্বরোচিত হামলা চালিয়েছে বিএনপির সন্ত্রাসী বাহিনী।" অন্যদিকে একই গাড়িতে থাকা এনসিপির সংসদ সদস্য ডা. মাহমুদা আলম মিতু নিজের ভেরিফাইড ফেসবুক পোস্টে লেখেন, "শহিদ পরিবারের সঙ্গে প্রোগ্রাম করে ফেরার পথে সিলেটের গোলাপগঞ্জে আবারও ভয়াবহ হামলা করলো বিএনপির সন্ত্রাসীরা। এরা আসলে মেরে ফেলার জন্য চেষ্টা করছে। পুলিশ নির্বিকার হয়ে দাঁড়িয়ে ছিল।" হামলা চলাকালে ঘটনাস্থলে সাময়িক উত্তেজনার সৃষ্টি হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ সদস্যদের উপস্থিত থাকতে দেখা গেছে। তবে বোতল নিক্ষেপ ও নিরাপত্তার বিষয়ে পুলিশের আনুষ্ঠানিক বক্তব্য এখনো পাওয়া যায়নি। এর আগে, গত মঙ্গলবার হবিগঞ্জে এনসিপির পদযাত্রায় একই ধরনের হামলার ঘটনা ঘটেছিল। সেখানেও স্থানীয় বিএনপি ও ছাত্রদলের নেতা-কর্মীদের বিরুদ্ধে অভিযোগ তুলেছিল এনসিপি, যা পরবর্তীতে বিএনপি নেতারা অস্বীকার করেন।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ নারগীস)

## গাজা গণহত্যার মাঝেও ইসরায়েলে অস্ত্র পাঠাচ্ছে ভারত : অ্যামনেস্টির তথ্য

আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল বলেছে, গাজায় ফিলিস্তিনিদের বিরুদ্ধে চলমান ইসরায়েলি সামরিক অভিযানে ভারতের সরবরাহ করা অস্ত্র ব্যবহৃত হওয়ার 'যথেষ্ট ঝুঁকি' থাকা সত্ত্বেও নয়াদিল্লি ইসরায়েলের কাছে অস্ত্র সরবরাহ অব্যাহত রেখেছে। ব্রিটেনভিত্তিক মানবাধিকার সংগঠনটির এক প্রতিবেদনে বলা হয়েছে, ভারত ইসরায়েলের প্রতিরক্ষা খাতের সঙ্গে ঘনিষ্ঠ ও লাভজনক অংশীদারত্ব গড়ে তুলেছে এবং ইসরায়েলি সামরিক কার্যক্রমকে সহায়তাকারী অস্ত্র সরবরাহ ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অ্যামনেস্টির "The Supply of Weapons and Ammunition to Israel" শীর্ষক প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৩ সালের ৭ অক্টোবর গাজায় ইসরায়েলের ব্যাপক সামরিক অভিযান শুরুর পর থেকে ভারত থেকে ইসরায়েলে পাঠানো অস্ত্র, গোলাবারুদ, যন্ত্রাংশ ও সামরিক উপাদানের ২ হাজার ৫৯৬টি চালান বিশ্লেষণ করেছে সংস্থাটি। প্রতিবেদন অনুযায়ী, ভারতীয় প্রতিষ্ঠানগুলো ইসরায়েলি সামরিক সরবরাহকারীদের কাছে অন্তত ৩ লাখ ৯০ হাজার ৫১৬টি ছোট অস্ত্রের যন্ত্রাংশ, বিস্ফোরক অস্ত্রের ৫ লাখ ৬৪ হাজার ৯৭০টি উপাদান এবং সামরিক যানবাহনের ২৯৮টি উপাদান সরবরাহ করেছে।

অ্যামনেস্টি বলেছে, এসব তথ্য তারা বাণিজ্যিক চালানের তথ্য বিশ্লেষণের মাধ্যমে সংগ্রহ করেছে। সংস্থাটির দাবি, ভারত থেকে পাঠানো এসব অস্ত্রের যন্ত্রাংশ ও সামরিক উপাদান এমন ইসরায়েলি প্রতিষ্ঠানগুলোর কাছে গেছে, যারা দেশটির সেনাবাহিনীকে সরঞ্জাম সরবরাহ করে। মানবাধিকার সংগঠনটি জানিয়েছে, তারা বেসামরিক ব্যবহারের সম্ভাবনা থাকা চালানগুলো বিশ্লেষণ থেকে বাদ দিয়েছে। এরপর আন্তর্জাতিকভাবে স্বীকৃত হারমোনাইজড সিস্টেম (HS Code) অনুযায়ী অস্ত্র, গোলাবারুদ, যন্ত্রাংশ ও সামরিক সরঞ্জাম রপ্তানির তথ্য পর্যালোচনা করেছে। এর আগে, আল জাজিরা ২০২৪ সালে ইসরায়েলে অস্ত্র সম্পর্কিত ভারতীয় রপ্তানি চালানের ৯১টি কাস্টমস নথি প্রকাশ করেছিল। ভারতের বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের শ্রেণিবিন্যাস অনুযায়ী, ৯৩০৬৯০০০ কোডের আওতায় থাকা পণ্যের মধ্যে বোমা ও গ্রেনেডও অন্তর্ভুক্ত রয়েছে। এসব নথিতে দেখা যায়, ভারতীয় প্রতিষ্ঠানগুলো ইসরায়েলের প্রতিরক্ষা সরঞ্জাম নির্মাতা প্রতিষ্ঠানগুলোর কাছে অস্ত্রের উপাদান রপ্তানি করেছে। অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের মহাসচিব অ্যাগনেস ক্যালামার্ড

বলেন, গাজায় ইসরায়েলের সামরিক অভিযান নিয়ে বিশ্বজুড়ে ব্যাপক সমালোচনা চলার পরও ভারতের ইসরায়েলি সামরিক ও প্রতিরক্ষা খাতের সঙ্গে সহযোগিতা অব্যাহত রয়েছে। তিনি বলেন, ভারত গুরুত্বপূর্ণ সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোর মালিকানা ও নিয়ন্ত্রণের মাধ্যমে ইসরায়েলে স্থানান্তরিত অস্ত্র উৎপাদন ও সরবরাহে ভূমিকা রাখছে। একই সঙ্গে বেসরকারি প্রতিষ্ঠানগুলোর অস্ত্র রপ্তানি আন্তর্জাতিক আইন ও মানদণ্ড অনুযায়ী নিয়ন্ত্রণে ভারত ব্যর্থ হয়েছে বলেও অভিযোগ করেন তিনি।

**ভারত-ইসরায়েল প্রতিরক্ষা সম্পর্ক**

ভারত ও ইসরায়েলের মধ্যে দীর্ঘদিনের প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা রয়েছে। স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউট (এআইপিআরআই)-এর তথ্য অনুযায়ী, ২০২০ থেকে ২০২৫ সাল পর্যন্ত ভারতের মোট অস্ত্র আমদানির প্রায় ২৯ শতাংশ এসেছে ইসরায়েল থেকে। একই সময়ে ভারত ইসরায়েলের অন্যতম বড়ো অস্ত্র বাজার হিসেবেও বিবেচিত হয়েছে। ভারতের অস্ত্র আমদানির ক্ষেত্রে রাশিয়া ৪০ শতাংশ এবং ফ্রান্স ২৯ শতাংশ নিয়ে শীর্ষে থাকলেও ইসরায়েল ছিল গুরুত্বপূর্ণ সরবরাহকারী দেশগুলোর একটি। ২০২৫ সালের ৪ নভেম্বর ভারত ও ইসরায়েল প্রতিরক্ষা সহযোগিতা আরও বাড়ানোর লক্ষ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করে। এর মাধ্যমে সামরিক, প্রতিরক্ষা শিল্প ও প্রযুক্তি খাতে সহযোগিতা বৃদ্ধির পরিকল্পনা নেওয়া হয়। গাজায় ইসরায়েলের সামরিক অভিযান নিয়ে আন্তর্জাতিক সমালোচনা এবং আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) পদক্ষেপের মধ্যেও ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রেখেছেন। অ্যামনেস্টির এই প্রতিবেদন এমন এক সময়ে প্রকাশিত হলো, যখন গাজায় ইসরায়েলের সামরিক অভিযান, বেসামরিক হতাহত এবং অস্ত্র সরবরাহের ভূমিকা নিয়ে আন্তর্জাতিক পর্যায়ে তীব্র বিতর্ক চলছে।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ নারগীস)

## ইরান ও ইউক্রেন যুদ্ধের পর ক্ষেপণাস্ত্রের মজুত পুনর্গঠনে মরিয়া যুক্তরাষ্ট্র

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের সদরদপ্তর- পেন্টাগন দ্রুতগতিতে নিজেদের ক্ষেপণাস্ত্রের মজুত পুনর্গঠনের লক্ষ্যে নতুন উদ্যোগ শুরু করেছে। এর অংশ হিসেবে মার্কিন প্রতিরক্ষা ঠিকাদার লকহিড মার্টিন এবং এল৩ হ্যারিস-এর সঙ্গে সাত বছরের একটি চুক্তি স্বাক্ষর করা হয়েছে। এর লক্ষ্য পেট্রিয়ট প্যাক-৩ এমএসই এবং থাড ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার জন্য রকেট মোটর ও গুরুত্বপূর্ণ উপাদানের উৎপাদন উল্লেখযোগ্যভাবে বাড়ানো। পার্সটুডের প্রতিবেদনে বলা হয়েছে, ইউক্রেন ও ইরানকে ঘিরে সাম্প্রতিক সংঘাতের প্রেক্ষাপটে নেওয়া এই পদক্ষেপ যুক্তরাষ্ট্রের কৌশলগত ক্ষেপণাস্ত্রের মজুত দ্রুত পুনরুদ্ধারের প্রচেষ্টার প্রতিফলন। একই সঙ্গে সরবরাহ শৃঙ্খলের বিদ্যমান সীমাবদ্ধতা কাটিয়ে ওঠাও এর অন্যতম উদ্দেশ্য। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, ইরানের সঙ্গে যুদ্ধে ব্যবহৃত উন্নত অস্ত্রভাণ্ডার পুনরায় পূরণ করতে যুক্তরাষ্ট্রের গড়ে অন্তত তিন বছর সময় লাগবে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ৩০.০৭.২০২৬ নারগীস)

# এনএইচকে

## কুমামোতো ভূমিকম্পে মৃতের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৩৪-এ পৌঁছেছে

জাপানের কুমামতো জেলার কর্মকর্তারা জানিয়েছেন, সেখানে উপর্যুপরি ভূমিকম্পে ৩৪ জন নিহত হয়েছেন। এই সংখ্যার মধ্যে, দুর্যোগ-সম্পর্কিত কারণে মৃত্যু হয়ে থাকতে পারে, এমন তদন্তাধীন ব্যক্তিরাও অন্তর্ভুক্ত। উদ্ধারকারীরা সন্ধানের কাজ অব্যাহত রেখেছেন, তাই মৃতের সংখ্যা আরও বাড়তে পারে। কুমামোতো জেলায় আঘাত হানা ভয়াবহ ভূমিকম্পটির মাত্রা জাপানের ০ থেকে ৭ পর্যন্ত ভূকম্পন তীব্রতা পরিমাপকে ৭ হিসেবে রেকর্ড করা হয়েছে। জাপান আবহাওয়া এজেন্সি এই দুর্যোগের নাম দিয়েছে কুমামতো ভূমিকম্প ২০২৬। এজেন্সি জানিয়েছে, মঙ্গলবারের শক্তিশালী কম্পনের পর থেকে বৃহস্পতিবার দুপুর ২টা পর্যন্ত এই জেলা এবং এর আশেপাশের এলাকায় মোট ২৭০টি কম্পন রেকর্ড করা হয়েছে। এই সংখ্যার মধ্যে মঙ্গলবারের ৭.১ মাত্রার ভূমিকম্পটি অন্তর্ভুক্ত নয়। এজেন্সির কর্মকর্তারা বলছেন, ভূকম্পন সম্পর্কিত ক্রিয়াকলাপ বেশ উচ্চ পর্যায়ে রয়েছে। তারা জানান, চারটি কম্পনের মাত্রা ৫ মাইনাস এবং ১৪টির মাত্রা ৪-এ পৌঁছেছে। এজেন্সি এই বলে সতর্ক করে দিয়েছে যে, ভবিষ্যতে ভূমিকম্পের স্থান ও শক্তির ওপর নির্ভর করে তীব্র কম্পন হতে পারে। কর্মকর্তারা বলছেন, আগামী সপ্তাহখানেক জুড়ে, বিশেষ করে আগামী কয়েক দিনে, বড়ো ধরনের কম্পনের ঝুঁকি এখনও বেশি রয়েছে। ওদিকে, ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে বিদ্যুৎ বিভ্রাট ও জল সরবরাহে বিঘ্ন এখনো অব্যাহত আছে। ইয়াৎসুশিরো শহরে এই ভূমিকম্পের তীব্রতা ছিল ৬। সেখানে বহু মানুষ আজ ভোর থেকেই জলের ট্রাকের সামনে লাইন দিয়েছিলেন। ৭০-এর ঘরে বয়স, এমন এক নারী জানান যে, তিনি মুখ ধুতে বা স্নান করতে পারছেন না। তিনি আরও বলেন, এই পরিস্থিতিতে বেশ অসুবিধাই হচ্ছে। চল্লিশের ঘরে বয়স এমন এক পুরুষ জানান, পান করা, কাপড় কাচা ও দৈনন্দিন ব্যবহারের জন্য জল এখনো পাওয়া যাচ্ছে না। তিনি আরও বলেন যে, তার কাছে পর্যাপ্ত খাবার-দাবারও নেই। (এনএইচকে ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ইরানে একাধিক জায়গায় মার্কিন হামলা

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আগেই হুমকি দিয়েছিলেন, জর্ডানে আমেরিকার সেনাকে লক্ষ্য করে ইরান যে আক্রমণ করেছে, তার কড়া জবাব দেওয়া হবে। বাস্তবে সেটাই হলো। ইউএস সেন্ট্রাল কম্যান্ড ঘোষণা করেছে, তারা রাত বারোটায় (জিএমটি) ইরানের উপর আক্রমণ করেছে। ইরানের আক্রমণের জবাব দেওয়া হয়েছে। ইরানের আধা সরকারি মিডিয়া জানিয়েছে, হরমুজ প্রণালির কাছে একটি দ্বীপে আবাসিক এলাকায় পরপর তিনটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। আবাদান ও বুশেহরেও মার্কিন হামলা হয়েছে। পরে মার্কিন সেনার পক্ষ থেকে জানানো হয়, তাদের আক্রমণ শেষ হয়েছে। মার্কিন সেন্ট্রাল কম্যান্ডের পক্ষ থেকে বলা হয়, ইরানের রেভলিউশনারি গার্ডের পরিকাঠামো লক্ষ্য করে হামলা করা হয়েছে। ইরান যাতে আমেরিকার বিরুদ্ধে হামলা করতে না পারে, সেই কথা মাথায় রেখে আক্রমণ করেছে আমেরিকা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রনি)

## জাগো নিউজ

### প্রধানমন্ত্রীর হাতে রক্তমাখা জাতীয় পতাকা তুলে দিলেন জুলাই আহত আজিজুর

মাথায় গুলির ক্ষত। শরীরের বিভিন্ন স্থানে ৩৬টি বুলেটের স্প্লিন্টারের চিহ্ন। জুলাই আন্দোলনের মাঠে গুরুতর আহত অবস্থায় মাথার রক্ত বন্ধ করতে যে জাতীয় পতাকা বেঁধেছিলেন, সেই পতাকা রক্তে ভিজে গিয়েছিল। সেই রক্তমাখা পতাকা হাতে নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন শেখ আজিজুর রহমান। বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুরে বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন জুলাই আন্দোলনে আহত আজিজুর। এই সাক্ষাতের মধ্যদিয়ে আজিজুরের দীর্ঘদিনের একটি ইচ্ছা পূরণ হলো। তার ইচ্ছা ছিল, রক্তক্ষরণ ঠেকাতে মাথায় বাঁধা সেই জাতীয় পতাকাটি প্রধানমন্ত্রী তারেক রহমানের হাতে তুলে দেবেন। আজ তিনি সেই পতাকাটি প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন। সম্প্রতি আজিজুরকে নিয়ে গণমাধ্যমে 'গুলিবিদ্ধ হওয়ার পরও শুধু ছাত্রদল করার কারণে মেলেনি জুলাই যোদ্ধার স্বীকৃতি' শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদটি প্রধানমন্ত্রী তারেক রহমানের নজরে এলে তিনি তার অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনকে বিষয়টি খোঁজ-খবর নেওয়ার নির্দেশ দেন। পরে আজিজুরকে সাক্ষাতের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিয়ে আসা হয়। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী মনোযোগ দিয়ে আজিজুরের দুঃখ-কষ্টের কথা শোনেন। আহত হওয়ার ঘটনা, লেখাপড়া, বর্তমান জীবনযাপন, অটোরিকশা চালিয়ে শিক্ষাজীবনের খরচ চালানোর বিষয় এবং তার চিকিৎসার খোঁজ-খবর নেন। আজিজুরের জীবনসংগ্রামের কথাগুলো প্রধানমন্ত্রীকে ব্যথিত করে। সাক্ষাৎ শেষে উচ্ছ্বাস প্রকাশ করেন শেখ আজিজুর রহমান। তিনি বলেন, প্রধানমন্ত্রীর সঙ্গে সরাসরি দেখা করতে পেরে তিনি আনন্দিত ও আবেগাপ্লুত। নিজের কষ্টের কথা প্রধানমন্ত্রী শুনেছেন এবং তার খোঁজ-খবর নিয়েছেন। এটিকে তিনি জীবনের স্মরণীয় একটি মুহূর্ত হিসেবে দেখছেন। আজিজুর বলেন, এই পতাকাটি মাননীয় প্রধানমন্ত্রীর কাছে তুলে দেওয়ার খুব ইচ্ছা ছিল। আজ সেই ইচ্ছা পূরণ হয়েছে। এই অনুভূতি ভাষায় প্রকাশ করার মতো না। আজিজুর রহমান মিরপুরের সরকারি বাঙলা কলেজের সমাজকর্ম বিভাগের অনার্স দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী। তিনি কলেজ ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য। তার বাড়ি নড়াইলের লোহাগড়া উপজেলায়। এত ত্যাগ ও অবদান থাকার পরও ছাত্রদল করার কারণে দীর্ঘ দুই বছরেও তিনি জুলাইযোদ্ধার স্বীকৃতি পাননি। সংসার ও লেখাপড়ার খরচ চালাতে তাকে সিএনজিচালিত অটোরিকশার স্টিয়ারিং ধরতে হয়েছে। জীবনের দুটি বছর কেটেছে নানা ঘাত-প্রতিঘাতের মধ্যে। ২০২৪ সালের জুলাইয়ের গণআন্দোলনে মিরপুর-১০ ফ্লাইওভারে জাতীয় পতাকা উড়িয়ে আলোচনায় আসেন আজিজুর। আন্দোলনের একপর্যায়ে পুলিশের গুলিতে তিনি গুরুতর আহত হন। আহত অবস্থায় মাথার গুলির ক্ষত ঢাকতে বাংলাদেশের জাতীয় পতাকা মাথায় বেঁধে নেন। রক্তে ভিজে যায় সেই পতাকা। তবু তিনি রাজপথ ছাড়েননি। ১৯ জুলাই পুলিশ তাকে গ্রেফতার করে। দুইদিনের রিমান্ড শেষে ২১ জুলাই মুক্তি পান। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ সাক্ষাতের বিষয়টি নিশ্চিত করেছেন।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

### চলতি বছরেই বন্ধ কারখানা চালুর বিষয়ে পদক্ষেপ চান প্রধানমন্ত্রী

বন্ধ সরকারি শিল্পকারখানা পুনরায় চালু করতে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে সংশ্লিষ্টদের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। চলতি বছরের মধ্যে এ বিষয়ে সব প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছেন তিনি। বৃহস্পতিবার (৩০ জুলাই) বিকেলে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা সরকারি শিল্পকারখানাগুলো দ্রুত চালুর লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, আমলাতান্ত্রিক জটিলতা দূর করে কার্যক্রমে গতি আনা এবং এসব শিল্পকারখানায় বেসরকারি বিনিয়োগ আকর্ষণের মাধ্যমে দ্রুত উৎপাদন কার্যক্রম চালুর সিদ্ধান্ত হয়। প্রধানমন্ত্রী ২০২৬ সালের মধ্যে এই প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছেন। এ ছাড়া বৈঠকে বিনিয়োগবান্ধব পরিবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সংস্থাগুলোকে কার্যকর উদ্যোগ গ্রহণের নির্দেশনা দেওয়া হয়। বৈঠকে প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মো. শরীফুল আলম, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরীসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

## ভাসানটেকে দুঃস্থদের মধ্যে খাবার ও আর্থিক সহায়তা দেবেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্বাচনি এলাকা ঢাকা-১৭ আসনের ভাসানটেকের বিআরপি কলোনিতে অসহায় ও দুঃস্থদের মধ্যে শুকনো খাবার বিতরণ করা হবে। পাশাপাশি অসহায় পরিবারগুলোর মধ্যে আর্থিক সহযোগিতা দেওয়া হবে। বৃহস্পতিবার (৩০ জুলাই) বিকেল ৩টায় প্রধানমন্ত্রী তারেক রহমানের পক্ষ থেকে ঢাকা-১৭ আসনের প্রতিনিধি এবং প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-২ আব্দুর রহমান সানী এই কর্মসূচি পরিচালনা করবেন। কর্মসূচিতে স্থানীয় বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত থাকবেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি-১ জাহিদুল ইসলাম রনি এ তথ্য জানিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## হাত নেই, মুখে প্রধানমন্ত্রীর কাছ থেকে নিয়োগপত্র নিলেন আয়েশা

জন্ম থেকেই হাত নেই। পা দিয়ে লিখে স্নাতকোত্তর সম্পন্ন করেন আয়শা আক্তার। স্বপ্ন ছিল, একটা চাকরি পেয়ে নিজের পায়ে দাঁড়ানোর। অবশেষ স্বপ্ন পূরণ হলো তার। গাইবান্ধার সাঘাটা উপজেলার বাসিন্দা জন্ম থেকে হাত না থাকা আয়েশা আক্তারকে নিয়োগপত্র দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। হাত না থাকায় মুখ দিয়ে সেই নিয়োগপত্র গ্রহণ করেন তিনি। বৃহস্পতিবার (৩০ জুলাই) সকালে বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নিজ কার্যালয়ে প্রবেশের সময় আয়েশাকে নিয়োগপত্র দেন প্রধানমন্ত্রী। তাকে গাইবান্ধার বিয়াম ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজে ক্লাস সুপারভাইজার পদে নিয়োগ দেওয়া হয়েছে। এদিন একই সময়ে আরও দু-জন প্রতিবন্ধী ব্যক্তিকে নিয়োগপত্র দেন প্রধানমন্ত্রী। তারা হলেন- সিরাজগঞ্জের কামারখন্দ উপজেলার নীলা খাতুন ও নড়াইল সদর উপজেলার হাসমত আলী। কর্মসংস্থানের মাধ্যমে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের আত্মনির্ভরশীল করে তোলা এবং সমাজের মূলধারায় সম্পৃক্ত করার লক্ষ্যেই তাদের নিয়োগ দেওয়া হয়। প্রধানমন্ত্রীর কাছ থেকে সরাসরি নিয়োগপত্র পেয়ে তারা উচ্ছ্বাস প্রকাশ করেন। তাদের জন্য দিনটি ছিল নতুন কর্মজীবনের পাশাপাশি নতুন স্বপ্নেরও সূচনা। আয়েশা আক্তারের মতো নীলা খাতুনেরও জন্ম থেকেই দুই হাত নেই। তিনিও পা দিয়ে লিখে স্নাতকোত্তর সম্পন্ন করেছেন। তাকে রাজধানীর মিরপুরের জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে শিক্ষক পদে নিয়োগ দেওয়া হয়েছে। অন্যদিকে, দৃষ্টি প্রতিবন্ধী হাসমত আলীকে সমাজসেবা অধিদপ্তরের অধীন ইউনিয়ন সমাজকর্মী পদে নিয়োগ দেওয়া হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## দেশে এখন 'নির্লজ্জ দলীয়করণ' চলছে : জামায়াত আমির

জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, জুলাই গণ-অভ্যুত্থানের শহিদ ও আহতদের আত্মত্যাগের মূল লক্ষ্য ছিল ফ্যাসিবাদমুক্ত, বৈষম্যহীন ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ গঠন। কিন্তু সেই আকাঙ্ক্ষা বাস্তবায়নের পরিবর্তে দেশে এখন 'নির্লজ্জ দলীয়করণ' চলছে। সরকারি-বেসরকারি, আধা সরকারি প্রতিষ্ঠান, ব্যাংক-বীমা, করপোরেশন, প্রশাসন ও বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে যোগ্য ও দেশপ্রেমিকদের সরিয়ে দলীয় বিবেচনায় নিয়োগ দেওয়া হচ্ছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) রাজধানীতে ঢাকা মহানগর জামায়াত আয়োজিত জুলাই গণ-অভ্যুত্থানে আহত ও শহিদ পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, "বিশ্ববিদ্যালয়, জেলা পরিষদ, প্রশাসন, ব্যাংক-বীমা, করপোরেশন- সব জায়গায় এখন নির্লজ্জ দলীয়করণ চলছে। এটি কি নতুন ধরনের কোটা নয়? যোগ্য ও সৎ মানুষদের সরিয়ে অসৎ ও দুর্নীতিবাজদের গুরুত্বপূর্ণ জায়গায় বসানো হচ্ছে, যেন একটি দুর্নীতির স্বর্গরাজ্য কায়েম করা যায়।" তিনি বলেন, "যারা জীবন দিয়েছেন, তারা কি শুধু একটি দলকে সরিয়ে আরেকটি দলকে ক্ষমতায় বসানোর জন্য আত্মত্যাগ করেছিলেন? তারা চেয়েছিলেন রাষ্ট্রব্যবস্থার পরিবর্তন, সিস্টেমের (ব্যবস্থা) পরিবর্তন। কিন্তু এখন মনে হচ্ছে, দেশ আবার সেই পুরোনো অন্ধকার পথে ফিরে যাচ্ছে।" জামায়াত আমির বলেন, ২০২৪ সালের আন্দোলন চলাকালে যখন অনেক রাজনৈতিক দল এটিকে কেবল শিক্ষার্থীদের আন্দোলন বলে দূরত্ব বজায় রাখে, তখন জামায়াতে ইসলামী প্রকাশ্যে দেশবাসী ও দলীয় নেতা-কর্মীদের আন্দোলনরত তরুণদের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছিল। তবে আন্দোলন সফল হওয়ার পরও দলটি কখনও এর কৃতিত্ব দাবি করেনি। তিনি বলেন, "আমরা বলিনি, আন্দোলনের মাস্টারমাইন্ড (মূল পরিকল্পনাকারী) আমরা। কিংবা আমাদের এত শহিদ হয়েছে বলে কোনো কৃতিত্ব দাবি করিনি। আমরা নির্বাচনও দাবি করিনি। বরং শহিদ পরিবার ও আহতদের পাশে দাঁড়ানোকে অগ্রাধিকার দিয়েছি।" ডা. শফিকুর রহমান বলেন, ৬ আগস্টের পর দেশে চাঁদাবাজি শুরু হলেও, তা বন্ধে কার্যকর উদ্যোগ নেওয়া হয়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট রাজনৈতিক নেতৃত্বকে সতর্ক করা হলেও, কোনো পরিবর্তন আসেনি। শহিদ পরিবারের প্রসঙ্গ তুলে তিনি বলেন, অনেক পরিবার আর্থিক সহায়তার চেয়ে শহিদদের স্বপ্ন বাস্তবায়নকেই বেশি গুরুত্ব দিয়েছে। এক শহিদের বাবা তাদের দেওয়া আর্থিক সহায়তা ফিরিয়ে দিয়ে সেটি আরও অসচ্ছল শহিদ পরিবারের হাতে তুলে দেওয়ার অনুরোধ করেছিলেন। এই মানসিকতা রাষ্ট্র পরিচালনাকারীদের জন্য শিক্ষা হওয়া উচিত বলেও মন্তব্য করেন তিনি। তিনি বলেন, "যারা জীবন দিয়েছেন, তাদের অধিকাংশই প্রান্তিক মানুষ ও শ্রমজীবী। তাদের সরকারি চাকরির কোটা পাওয়ার কোনো স্বার্থ ছিল না। তারা রাস্তায় নেমেছিলেন ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশ দেখতে।" ডা. শফিকুর রহমান বলেন, "আমরা বিচার চাই,

প্রতিশোধ চাই না। শহিদদের হত্যার বিচার একদিন না একদিন অবশ্যই এই বাংলার মাটিতে হবে। যত বছরই লাগুক, এ বিচার হবেই। এই দাবি থেকে আমরা কখনও সরে আসব না।" (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## মানবপাচার-অনলাইন স্ক্যাম প্রতিরোধে সরকার কঠোর অবস্থানে

মানবপাচার এবং প্রযুক্তিনির্ভর অপরাধের হাত থেকে দেশের নাগরিকদের সুরক্ষা দিতে বর্তমান সরকার সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, প্রযুক্তির অপব্যবহার করে গড়ে ওঠা আন্তর্জাতিক মানবপাচার ও স্ক্যাম চক্রের বিরুদ্ধে সরকার 'জিরো টলারেন্স' নীতি বজায় রাখতে দৃঢ়প্রতিজ্ঞ। বৃহস্পতিবার (৩০ জুলাই) রাজধানীর একটি হোটেলে বিশ্ব মানবপাচার বিরোধী দিবস-২০২৬ উপলক্ষ্যে 'প্রতারণার ফাঁদে বন্দি : জোরপূর্বক অপরাধে মানবপাচারের অবসান' শীর্ষক উচ্চপর্যায়ের জাতীয় সংলাপে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ফয়সল হাসান এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানান। মন্ত্রী বলেন, মানবপাচারের ধরন পরিবর্তনশীল এবং জটিল। অপরাধী চক্রগুলো এখন কেবল প্রচলিত উপায়ে নয়, বরং ডিজিটাল মাধ্যম, ভুয়া অনলাইন নিয়োগ প্ল্যাটফর্ম ও বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে তরুণ সমাজ ও চাকরিপ্রার্থীদের ফাঁদে ফেলছে। আকর্ষণীয় কর্মসংস্থান ও উন্নত ভবিষ্যতের মিথ্যা আশ্বাস দিয়ে ভুক্তভোগীদের বিদেশে নিয়ে যাওয়া হচ্ছে এবং পরে তারা সাইবার স্ক্যাম সেন্টারে বন্দি হয়ে চরম নির্যাতন, ভয়ভীতি ও জোরপূর্বক অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালনা করতে বাধ্য হচ্ছে। সালাহউদ্দিন আহমদ বলেন, মানবপাচার চক্র এখন বিভিন্ন ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে অপরাধে যুক্ত হচ্ছে। এই হুমকি মোকাবিলায় কেবল প্রথাগত আইন-শৃঙ্খলাকেন্দ্রিক ব্যবস্থা যথেষ্ট নয়; বরং প্রযুক্তি প্রতিষ্ঠান, অর্থলগ্নি সংস্থা, বেসরকারি খাত ও সচেতন সমাজকে সঙ্গে নিয়ে একটি সমন্বিত ও শক্তিশালী প্রতিরোধ গড়ে তুলতে হবে। মানবপাচার প্রতিরোধে বর্তমান সরকারের পদক্ষেপসমূহ তুলে ধরে তিনি বলেন, যুগের সঙ্গে তাল মিলিয়ে অপরাধ দমনে সরকার আন্তর্জাতিক মানদণ্ডের সঙ্গে সংগতি রেখে এক ঐতিহাসিক মাইলফলক অর্জন করেছে। সরকার 'মানবপাচার ও অভিবাসী চোরাচালান (প্রতিরোধ ও দমন) আইন, ২০২৬' প্রণয়ন করেছে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জাতিসংঘের ট্রান্সন্যাশনাল অর্গানাইজড ক্রাইম কনভেনশন (ইউএনটিওসি) এবং সংশ্লিষ্ট প্রটোকলসমূহের সঙ্গে সামঞ্জস্য রেখে প্রণীত এই নতুন আইনে অনলাইন স্ক্যাম, প্রযুক্তিনির্ভর প্রলোভন ও জোরপূর্বক অপরাধে বাধ্য করার মতো আধুনিক অপরাধগুলোকে কঠোর শাস্তির আওতায় আনা হয়েছে। একইসঙ্গে বাস্তবায়ন প্রক্রিয়াকে বেগবান করতে 'মানবপাচার প্রতিরোধ ও দমন বিধিমালা, ২০১৭' যুগোপযোগী করার কাজ চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## সাবেক মন্ত্রী লতিফ সিদ্দিকী ট্রাইব্যুনালে

রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে গণহত্যার অভিযোগে করা মানবতাবিরোধী অপরাধের মামলায় গ্রেফতার সাবেক মন্ত্রী আবদুল লতিফ সিদ্দিকীকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হয়েছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুর ১টার দিকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তাকে হাজির করার জন্য আনা হয়। এ-সংক্রান্ত বিষয়ে শুনানি হওয়ার কথা রয়েছে। এর আগে, রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশ গণহত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় গ্রেফতার লতিফ সিদ্দিকীকে বুধবার (২৯ জুলাই) সন্ধ্যা ৬টার দিকে গুলশানের নিজ বাসভবন থেকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। ১৩ বছর আগে ২০১৩ সালের ৫ মে মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশ ঘিরে গণহত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৪১ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ আমলে নিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এছাড়া, আসামিদের মধ্যে পলাতক ৩১ জনের নামে গ্রেফতারি পরোয়ানা জারি করেন আদালত। পলাতকদের মধ্যে ছিলেন লতিফ সিদ্দিকী। একইসঙ্গে এ সংক্রান্ত বিষয়ে পরবর্তী শুনানির জন্য আগামী ১৬ আগস্ট দিন ঠিক করেছেন আদালত। পাশাপাশি বিভিন্ন মামলায় কারাগারে থাকা ১০ আসামিকে ওইদিন ট্রাইব্যুনালে হাজিরের নির্দেশ দেওয়া হয়েছে। গত সোমবার (২৭ জুলাই) ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল এ আদেশ দেন। ট্রাইব্যুনালের অন্য সদস্যরা হলেন- বিচারক মো. মঞ্জুরুল বাছিদ ও বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## শিশুর স্বপ্ন পূরণে কোনো সীমাবদ্ধতা বাধা হতে পারে না : ববি হাজ্জাজ

শারীরিক বা অন্য যে-কোনো সীমাবদ্ধতা কোনো শিশুর স্বপ্ন পূরণের পথে বাধা হতে পারে না বলে মন্তব্য করেছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। তিনি বলেন, পরিবার, বিদ্যালয়, সমাজ ও রাষ্ট্রের সম্মিলিত সহযোগিতায় প্রতিটি শিশুর মেধা ও সম্ভাবনার বিকাশ নিশ্চিত করতে সরকার কাজ করছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) সকালে রাজধানীর তেজগাঁওয়ে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের (বুটেক্স) অডিটোরিয়ামে দুই হাতহীন অদম্য মেধাবী তরুণী আয়েশাকে নিয়ে নির্মিত প্রামাণ্য তথ্যচিত্র 'পায়ের ছাপ'- এর বিশেষ প্রদর্শনী ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ববি হাজ্জাজ বলেন, শিক্ষার্থীদের সফলতার মূল চাবিকাঠি অধ্যবসায়, নিয়মিত পড়াশোনা ও আত্মবিশ্বাস। মনোযোগ দিয়ে পড়াশোনা করলে ভবিষ্যতে ডাক্তার, বিজ্ঞানী, শিক্ষক, মহাকাশচারী কিংবা দেশের সর্বোচ্চ দায়িত্ব পালনকারী ব্যক্তি, যা হতে চায়, তা অর্জন করা সম্ভব। তিনি বলেন, আয়েশার জীবনসংগ্রাম ও

সাফল্য প্রমাণ করে, দৃঢ় মনোবল থাকলে প্রতিকূলতাকে জয় করা যায়। তবে এ সাফল্য যেন বিচ্ছিন্ন ঘটনা না হয়, সেজন্য প্রতিটি শিশুর বিকাশে পরিবার, সমাজ ও রাষ্ট্রকে একসঙ্গে কাজ করতে হবে। প্রতিমন্ত্রী আরও জানান, অনুষ্ঠানে এসে তিনি জেনেছেন, প্রধানমন্ত্রী তারেক রহমান আয়েশাকে গাইবান্ধা বিয়াম ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজে ক্লাস সুপারভাইজার পদে নিয়োগ দিয়েছেন। এজন্য তিনি প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## শেখ হাসিনা দেশে ফিরলে আইন অনুযায়ী ব্যবস্থা : আইনমন্ত্রী

ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি শেখ হাসিনা দেশে ফিরলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। বৃহস্পতিবার (৩০ জুলাই) সচিবালয়ে আইনগত সহায়তা নিয়ে ব্র্যাক ও ব্লাস্টের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি শেখ হাসিনা আবারও আগামী ডিসেম্বরে আসার কথা জানিয়েছেন একটি ইন্টারভিউতে, এ বিষয়ে সরকারের পদক্ষেপ কী হবে- জানতে চাইলে আইনমন্ত্রী বলেন, প্রথম কথা হলো- স্বরাষ্ট্র মন্ত্রণালয় তার প্রত্যর্পণের চেষ্টা করছে, কি করছে না, সেটা আপনি কীভাবে জানেন? অবশ্যই চেষ্টা করছে, আমি বলছি। দ্বিতীয়ত হলো- একজন ফাঁসির আসামি হলেও সে যদি বাংলাদেশের নাগরিক হয়, বাংলাদেশের আইনের প্রতি শ্রদ্ধা দেখিয়ে বাংলাদেশে এসে সারেন্ডার করতে চায়, সেখানে হয়ত তার সারেন্ডারের আগেই অ্যারেস্ট হবে। কিন্তু তার সেই অধিকার তো আছে। 'এলে আসবেন, আইন তার নিজস্ব গতিতে চলবে। সেখানে তো আমাদের... আইনের ব্যত্যয় করে আমরা কিছু করবো না। আইন যেভাবে আমাদের অথরিটি দিয়েছে, আমরা সে অথরিটি এক্সারসাইজ করব,' বলেন আইনমন্ত্রী। ওনার কাছে পাসপোর্ট নেই, উনি এলে কীভাবে আসবেন? জানতে চাইলে মন্ত্রী বলেন, উনি কীভাবে আসবেন, এটা ওনার সমস্যা। এটা আমার সমস্যা না। আমাদের... এটা হলো আমার চৌহদ্দির মধ্যে যখন ঢুকবেন, সেই চৌহদ্দিতে ঢুকলে আইন যেটা আমাকে ক্ষমতা দিয়েছে, আমি আইনের প্রয়োগটা করবো। দ্যাটস সিম্পল এজ ইট ইজ। আপনি বলেছিলেন যে, সেপ্টেম্বরে জাতীয় সংসদের পরবর্তী অধিবেশনে রাষ্ট্রপতি নির্বাচন। তো এখন কি সে পর্যায়ে আছে? নাকি স্পেশাল অধিবেশন ডাকতে হবে? এ বিষয়ে আসাদুজ্জামান বলেন, এটা এখন পর্যন্ত আমাদের কোনো আলোচনায় আসেনি। আমি বলেছি, সাংবিধানিক ব্যাখ্যা। আমার সংবিধানে আছে, ১২৩-এর ২ অনুচ্ছেদে, রাষ্ট্রপতি যেদিন পদত্যাগ করবেন, তার থেকে ৯০ দিনের মধ্যে পরবর্তী নতুন রাষ্ট্রপতি নির্বাচন করতে হবে। তিনি বলেন, প্রশ্ন এসেছিল যে, আমরা বিশেষ অধিবেশন ডাকবো কি না। তো ৯০ দিন যেহেতু সময় আছে, আর আমার নেক্সট অধিবেশন ৬০ দিনের মধ্যে ডাকতে হবে, গত অধিবেশন শেষ হওয়া থেকে আগামী অধিবেশন পর্যন্ত ৬০ দিনের মধ্যে আমার ডাকতে হবে। সুতরাং এই দুইটা টাইম যেহেতু ম্যাচ করছে, আমি সে কারণে বলছি, বিশেষ অধিবেশনের আপাতত প্রয়োজনীয়তা দেখছি না। যদি সরকার মনে করে, নিশ্চয়ই ডাকতে পারেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## খাদ্য মূল্যস্ফীতির চাপ সবচেয়ে বেশি নিম্নআয়ের মানুষের ওপর : সিপিডি

গত চার বছর ধরে উচ্চ মূল্যস্ফীতি বাংলাদেশের অর্থনীতির জন্য বড়ো উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। এর মধ্যে খাদ্য মূল্যস্ফীতি সাধারণ মানুষের, বিশেষত নিম্নআয়ের মানুষের জীবনযাত্রায় সবচেয়ে বেশি চাপ সৃষ্টি করছে। শুধু খাদ্যের দাম বাড়ছে তা-ই নয়, এর প্রভাবে একটি পরিবারের পুষ্টি, শিক্ষা, স্বাস্থ্য ও সঞ্চয়ও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) রাজধানীর মহাখালীর ব্র্যাক ইন সেন্টারে 'বাংলাদেশের খাদ্যমূল্য শৃঙ্খল : বাজার, মুনাফার হার (লাভের মার্জিন) এবং মধ্যস্বত্বভোগী (দালাল বা ফড়িয়া)' শীর্ষক সংলাপে এসব তথ্য তুলে ধরে গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। এছাড়া কৃষি অর্থনীতিবিদ এম এ সাত্তার মণ্ডলসহ সংশ্লিষ্ট খাতের বিশেষজ্ঞরা এতে অংশ নেন। সংলাপে সিপিডির নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন বলেন, গত কয়েক বছর ধরে মূল্যস্ফীতি উচ্চপর্যায়ে রয়েছে এবং গত চার বছর ধরে এটি দেশের অর্থনীতির জন্য উদ্বেগের বিষয় হয়ে আছে। খাদ্যের মূল্যবৃদ্ধি মানুষের ওপর সরাসরি প্রভাব ফেলছে। তিনি বলেন, খাদ্যের মূল্যবৃদ্ধির চাপ সবার ওপর সমানভাবে পড়ে না। নিম্নআয়ের মানুষের ব্যয়ের বড়ো অংশই খাদ্যে চলে যায়। ফলে খাদ্যের দাম বাড়লে শুধু খাদ্য কেনাই কঠিন হয় না, একটি পরিবারের শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ও সঞ্চয়ের মতো প্রয়োজনীয় ব্যয়ও সংকুচিত হয়ে যায়। খাদ্যের দাম বৃদ্ধির কারণ ব্যাখ্যা করতে গিয়ে ফাহমিদা খাতুন বলেন, এটি খুব সহজ কোনো বিষয় নয়। উৎপাদন, বাজারজাতকরণ, সরবরাহ ব্যবস্থা, প্রাকৃতিক দুর্যোগ, বাজারের অদক্ষতা, মজুতদারি, সরবরাহ ঘাটতি এবং প্রতিযোগিতার অভাব- সবকিছুই এতে ভূমিকা রাখে। তাই খাদ্যমূল্য বৃদ্ধির জন্য একক কোনো কারণকে দায়ী করা সম্ভব নয়। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## হবিগঞ্জে ১৪৪ ধারা প্রত্যাহার

হবিগঞ্জ পৌর এলাকায় জারি করা ১৪৪ ধারা প্রত্যাহার করেছে জেলা প্রশাসন। বৃহস্পতিবার (৩০ জুলাই) জেলা ম্যাজিস্ট্রেট ড. জি এম সরফরাজ এ আদেশ জারি করেন। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মো. মঈনুল হক বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় ১৪৪ ধারা প্রত্যাহার করা হয়। আদেশে বলা হয়, বুধবার (২৯ জুলাই) হবিগঞ্জ পৌর এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা, জনসমাগম নিয়ন্ত্রণ এবং অপ্রীতিকর ঘটনা এড়াতে ১৪৪ ধারার ক্ষমতাবলে নিষেধাজ্ঞা জারি করা হয়েছিল। তবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী

বাহিনীর সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী, বর্তমানে হবিগঞ্জ পৌর এলাকার সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। জননিরাপত্তা ও আইন-শৃঙ্খলার অবনতির আশঙ্কা না থাকায় পূর্বে জারি করা ১৪৪ ধারার আদেশ প্রত্যাহার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## সন্তানকে সম্পত্তি দানে পিতা-মাতার সুরক্ষায় সংশোধন হচ্ছে আইন

সন্তানকে সম্পত্তি দানে পিতা-মাতার সুরক্ষার বিষয়টি যুক্ত করে সম্পত্তি হস্তান্তর আইনে সংশোধন আনা হচ্ছে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। বৃহস্পতিবার (৩০ জুলাই) সচিবালয়ে আইনগত সহায়তা নিয়ে বেসরকারি সংস্থা ব্র্যাক ও ব্লাস্টের সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, "আমরা একটি আইন নিয়ে চিন্তা করছি। বাংলাদেশের দেওয়ানি (সিভিল) মামলার অধিকাংশেই আসে সম্পত্তির বণ্টন ও হিসাব-নিকাশ নিয়ে। তাই সম্পত্তি হস্তান্তর আইনে একটি পরিবর্তন আনার পরিকল্পনা করেছি। আমাদের মুসলিম আইনে হেবা, হিন্দু আইনে উইল এবং মুসলিম আইনে অসিয়তনামার বিধান রয়েছে। একজন বাবা-মা যদি তার সন্তানদের নামে হেবা করে দেন, তাহলে সঙ্গে সঙ্গে সম্পত্তি তার হাতছাড়া হয়ে যায়। বাবা-মা তখন সন্তানদের ওপর নির্ভরশীল হয়ে পড়েন। যদি সন্তানরা তাদের দেখাশোনা না করে, তাহলে তাদের আর কিছু করার থাকে না। তারা অসহায় হয়ে পড়েন।" আসাদুজ্জামান বলেন, "বিকল্প হিসেবে হেবার পাশাপাশি সম্পত্তি হস্তান্তর আইনে গিফটের (উপহার) একটি ধারা রয়েছে। হেবার বাইরেও যে কেউ গিফট করতে পারেন। আমরা ১৯৬৩ সালের পাকিস্তান সুপ্রিম কোর্টের একটি সিদ্ধান্তের (ডিসিশন) ওপর নির্ভর (রিলাই) করে সেই বিধানটি আরও বিস্তৃত (এক্সপ্যান্ড) করতে চাই। সেখানে গিফটের ক্ষেত্রে ইউসুফ্রাক্ট রাইট (জীবনস্বত্ব) রাখতে চাই।" তিনি বলেন, "ধরুন, আপনি সন্তানদের সম্পত্তি হেবা করতে বা উইল করতে চান না। এমনভাবে সম্পত্তি হস্তান্তর করতে চান, যাতে জীবদ্দশায় আপনি নিজেই তা ভোগদখল করতে পারেন।" আইনমন্ত্রী বলেন, "সে ক্ষেত্রে গিফটের সঙ্গে জীবনস্বত্ব যুক্ত করা হবে। অর্থাৎ বাবা-মা সম্পত্তি গিফট করে দিলেও, যতদিন তারা বেঁচে থাকবেন, ততদিন তারা সম্পত্তি ভোগদখল করবেন। এ সময় সন্তান সম্পত্তি বিক্রি করতে পারবে না। বিক্রি করতে হলে বাবা বা বাবা-মায়ের অনুমতি লাগবে। আবার বাবা-মাও বিক্রি করতে চাইলে সন্তানের অনুমতি প্রয়োজন হবে।" তিনি আরও বলেন, "এমন পরিস্থিতিও তৈরি হতে পারে, যখন বাবার চিকিৎসার জন্য সম্পত্তি বিক্রি করা প্রয়োজন, কিন্তু সন্তান তাতে সম্মতি দিচ্ছে না। সে ক্ষেত্রে জেলা জজকে একটি ক্ষমতা দেওয়া হবে। আবেদন করলে জেলা জজ বিষয়টি বিবেচনায় নিতে পারবেন।"
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## তিতাস এলাকায় তীব্র গ্যাস সংকটের ফের সতর্কতা

মহেশখালীস্থ এলএনজি (এলএনজি) টার্মিনালসমূহে কারিগরি ত্রুটির কারণে রি-গ্যাসিফাইড এলএনজি (আরএলএনজি) সরবরাহ দৈনিক প্রায় ৫৫০ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি) কমে গেছে। এর ফলে তিতাস গ্যাসের আওতাধীন এলাকায় আবাসিক, শিল্প, বাণিজ্যিক, বিদ্যুৎকেন্দ্র ও সিএনজিসহ সব ধরনের গ্রাহক তীব্র গ্যাসের স্বল্পচাপের মুখে পড়বেন বলে জানিয়েছে তিতাস গ্যাস কর্তৃপক্ষ। বৃহস্পতিবার (৩০ জুলাই) এক বিজ্ঞপ্তিতে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড জানায়, মহেশখালীস্থ এলএনজি টার্মিনালসমূহের কারিগরি ত্রুটির কারণে জাতীয় গ্রিডে আরএলএনজি সরবরাহ প্রায় ৫৫০ এমএমসিএফডি কমে গেছে। পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত তিতাস গ্যাসের অধিভুক্ত সব শ্রেণির গ্রাহক প্রান্তে তীব্র স্বল্পচাপ বিরাজ করবে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, সরবরাহ স্বাভাবিক না হওয়া পর্যন্ত গ্রাহকদের সাময়িক ভোগান্তি অব্যাহত থাকতে পারে। এ কারণে গ্রাহকদের কাছে আন্তরিক দুঃখ প্রকাশ করেছে তিতাস গ্যাস কর্তৃপক্ষ। এদিকে, গ্যাস সরবরাহ কমে যাওয়ায় রাজধানী ও আশপাশের বিভিন্ন এলাকায় বাসাবাড়িতে রান্নার কাজে বিঘ্ন ঘটছে। অনেক এলাকায় চুলায় গ্যাসের চাপ এতটাই কম যে স্বাভাবিকভাবে রান্না করা সম্ভব হচ্ছে না। একইসঙ্গে শিল্পকারখানায় উৎপাদন ব্যাহত হওয়ার পাশাপাশি সিএনজি স্টেশনগুলোতেও গ্যাস সরবরাহে সমস্যা দেখা দিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## বাংলাদেশে এডিবির নতুন কান্ট্রি ডিরেক্টর চিংফেং ঝাং

বাংলাদেশে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) নতুন কান্ট্রি ডিরেক্টর হিসেবে দায়িত্ব নিয়েছেন চিংফেং ঝাং। বৃহস্পতিবার (৩০ জুলাই) তিনি ঢাকায় তার নতুন দায়িত্ব গ্রহণ করেন। এক বিজ্ঞপ্তিতে এডিবি জানায়, চিংফেং ঝাং বাংলাদেশে এডিবির কার্যক্রম পরিচালনা করবেন, যা এডিবির অন্যতম বৃহৎ দেশভিত্তিক কার্যক্রম। তিনি বাংলাদেশ সরকারের সঙ্গে এডিবির দীর্ঘদিনের অংশীদারত্ব আরও সুদৃঢ় করবেন, সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে কৌশলগত নীতি সংলাপে নেতৃত্ব দেবেন এবং বাংলাদেশের জন্য এডিবির পরবর্তী উন্নয়ন কৌশল প্রণয়নে দিক-নির্দেশনা দেবেন। ঝাং বলেন, বাংলাদেশের উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ পর্যায়ে এডিবির বাংলাদেশ কান্ট্রি ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করতে পারা আমার জন্য অত্যন্ত গৌরবের বিষয়। গত কয়েক দশকে বাংলাদেশ সফলভাবে বিভিন্ন প্রতিকূলতা মোকাবিলা করে অর্থনৈতিক অগ্রগতি অর্জন করেছে। তিনি বলেন, মানসম্মত কর্মসংস্থান সৃষ্টি, প্রতিকূলতা মোকাবিলার সক্ষমতা জোরদার করা, বেসরকারি খাতনির্ভর প্রবৃদ্ধি ত্বরান্বিত করা এবং আঞ্চলিক সহযোগিতা আরও গভীর করার লক্ষ্যে সরকার ও উন্নয়ন অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে এডিবি প্রতিশ্রুতিবদ্ধ। আরও উন্নত অর্থায়ন পদ্ধতি, জ্ঞানভিত্তিক সমাধান এবং সফল বিনিয়োগের মাধ্যমে আমরা এ অগ্রযাত্রায় সহায়তা অব্যাহত রাখবো। টেকসই উন্নয়ন

ক্ষেত্রে ঝাংয়ের ৩০ বছরেরও বেশি পেশাগত অভিজ্ঞতা রয়েছে, যার মধ্যে ২০ বছরেরও বেশি সময় তিনি এডিবিতে দায়িত্ব পালন করেছেন। পেশাগত জীবনে তিনি কৃষি, খাদ্যব্যবস্থা, পানিসম্পদ, পরিবেশ, প্রাকৃতিক সম্পদ এবং গ্রামীণ উন্নয়ন খাতে রূপান্তরমূলক কর্মসূচি ও কৌশলগত উদ্যোগে নেতৃত্ব দিয়েছেন। তিনি সরকার, উন্নয়ন প্রতিষ্ঠান, শিক্ষা বিশেষজ্ঞ এবং বেসরকারি খাতের সঙ্গে শক্তিশালী অংশীদারত্ব গড়ে তুলতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## ইউনেস্কোর সহযোগিতা আরও জোরদারের আহ্বান শামা ওবায়েদের

শিক্ষা, সংস্কৃতি, বিজ্ঞান, জলবায়ু সহনশীলতা, যুব উন্নয়ন ও ডিজিটাল রূপান্তরসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের উন্নয়নে ইউনেস্কোর অব্যাহত সহযোগিতার প্রশংসা করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। বুধবার (২৯ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশে ইউনেস্কোর প্রতিনিধি ড. সুসান ভাইজ তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলে তিনি এ মন্তব্য করেন। বৈঠকে শামা ওবায়েদ আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বীকৃতি এবং ইউনেস্কোর মানবতার অমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় টাঙ্গাইল শাড়ির ঐতিহ্যবাহী বয়নশিল্প অন্তর্ভুক্তিকে বাংলাদেশ-ইউনেস্কো অংশীদারত্বের গুরুত্বপূর্ণ অর্জন হিসেবে উল্লেখ করেন। তিনি মানসম্মত শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও যুব ক্ষমতায়নে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। একইসঙ্গে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা (টিভিইটি), ভাষা প্রশিক্ষণ এবং আন্তর্জাতিক মানের সনদ প্রদানের ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর আহ্বান জানান। এছাড়া সুবিধাজনক সময়ে ইউনেস্কোর মহাপরিচালককে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান তিনি। জবাবে ড. সুসান ভাইজ বাংলাদেশের জাতীয় উন্নয়ন অগ্রাধিকারে ইউনেস্কোর সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন। শিক্ষা, সংস্কৃতি, যুব সম্পৃক্ততা ও টেকসই উন্নয়নের পাশাপাশি বাংলাদেশের সৃজনশীল অর্থনীতির সম্ভাবনার কথাও তুলে ধরেন তিনি। বৈঠকে উভয় পক্ষ বাংলাদেশ ও ইউনেস্কোর দীর্ঘদিনের অংশীদারিত্ব আরও জোরদার এবং অন্তর্ভুক্তিমূলক, টেকসই ও জ্ঞানভিত্তিক উন্নয়নের লক্ষ্যে একসঙ্গে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## গ্রেফতারের ৪ দিন আগেই দেশে আসেন ডেভিড ইমন, ফের পালাতে চেয়েছিলেন ভারতে

ভারত থেকে চারদিন আগে বাংলাদেশে আসার পর আবার সীমান্ত পেরিয়ে পালানোর চেষ্টাকালে গ্রেফতার হন চট্টগ্রামের আলোচিত শীর্ষ সন্ত্রাসী মোবারক হোসেন ইমন ওরফে ডেভিড ইমন। বুধবার চট্টগ্রাম রেঞ্জ পুলিশের অতিরিক্ত ডিআইজি (অ্যাডমিন অ্যান্ড ফিন্যান্স) মো. নাজিমুল হক এ তথ্য জানান। তিনি বলেন, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে দীর্ঘদিন ধরে ইমনের গতিবিধি পর্যবেক্ষণ করা হচ্ছিল। চারদিন আগে তিনি যশোর সীমান্ত দিয়ে দেশে প্রবেশ করেন। পরে পুলিশের তৎপরতার খবর পেয়ে আবার ভারতে পালানোর চেষ্টা করলে তাকে গ্রেফতার করা হয়। এর আগে, মঙ্গলবার রাতে যশোরের ঝিকরগাছা সীমান্ত এলাকা থেকে তাকে আটক করা হয়। পুলিশ জানায়, ইমন চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলার কাঞ্চননগর এলাকার বাসিন্দা এবং বিদেশে অবস্থানরত শীর্ষ সন্ত্রাসী সাজ্জাদ আলী ওরফে বড়ো সাজ্জাদের ঘনিষ্ঠ সহযোগী। গত দুই বছরে চট্টগ্রামে সংঘটিত একাধিক হত্যা, চাঁদাবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ডে তার সম্পৃক্ততার অভিযোগ রয়েছে। পুলিশের দাবি, ইমনের বিরুদ্ধে অন্তত ১৫টি মামলা রয়েছে। এর মধ্যে ২০২৫ সালের বাকলিয়ার জোড়া খুন এবং পতেঙ্গা সমুদ্রসৈকতে ঢাকাইয়া আকবর হত্যা মামলাও রয়েছে। এছাড়া তিনি একাধিক আগ্নেয়াস্ত্র ব্যবহার ও বহনে দক্ষ এবং বড়ো সাজ্জাদ বাহিনীর অন্যতম সক্রিয় সদস্য হিসেবে পরিচিত। চট্টগ্রাম জেলা পুলিশ সুপার মাসুদ আলম বলেন, ইমনের আরেক সহযোগী মোহাম্মদ রায়হানকে গ্রেফতার করতেও নোয়াখালীর সেনবাগে অভিযান চালানো হয়েছিল। তবে পুলিশের উপস্থিতি টের পেয়ে তিনি পালিয়ে যান। তাকে গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## বিএনপির ভেতরে থাকা স্বৈরতন্ত্রের বহিঃপ্রকাশ ঘটেছে হবিগঞ্জে

হবিগঞ্জে এনসিপির পদযাত্রা ঘিরে ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে সরকারকে এই ধরনের আচরণ থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে ইসলামী আন্দোলন বাংলাদেশ। বৃহস্পতিবার (৩০ জুলাই) এক বিবৃতিতে মাওলানা গাজী আতাউর রহমান এ আহ্বান জানান। বিবৃতিতে ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব আতাউর রহমান বলেছেন, হবিগঞ্জে এনসিপির পদযাত্রা কেন্দ্র করে গত দুই দিনে যা ঘটেছে, তা নিছকই রাজনৈতিক উত্তেজনা বলে ব্যাখ্যা করা কঠিন। বরং অবস্থাদৃষ্টে এটা বিএনপির ভেতরে থাকা সুপ্ত স্বৈরাচারী মনোভাবের বহিঃপ্রকাশ বলে মনে হচ্ছে। গাজী আতাউর রহমান বলেন, পদযাত্রায় হামলাকে আমরা স্থানীয় রাজনৈতিক নেতাদের অসৌজন্যতা ও রাজনৈতিক দিক্ষার অভাব হিসেবে বিবেচনা করেছিলাম। সরকারদলীয় নেতা-কর্মীদের মধ্যে সহনশীলতার অভাব এবং ক্ষমতায় থাকলে বিরোধী মতকে সহিংস পন্থায় দমন করার প্রবণতায় হতাশ হয়েছি এবং আঞ্চলিক প্রতিবাদ জানিয়েছি। কিন্তু গতকাল যখন এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলামসহ এনসিপির সংসদ সদস্য ও উচ্চনেতারা হবিগঞ্জে যাচ্ছিলেন, তখন যেভাবে তাদের জায়গায় জায়গায় বাধা দেওয়া হয়েছে, তাতে পতিত আওয়ামী ফ্যাসিবাদের বহুল চর্চিত অপকৌশলের পুনঃমঞ্চায়ন দেখেছে জাতি। আমরা আশা করেছিলাম, ফ্যাসিবাদের পতন থেকে বিএনপি শিক্ষা নেবে। কিন্তু আক্ষেপের সঙ্গে দেখছি যে, বিএনপি ফ্যাসিবাদের পতন থেকে শিক্ষা না নিয়ে বরং তাদের অপকৌশল রপ্ত করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## ট্রাইব্যুনালের বিচার নিয়ে এইচআরডব্লিউ'র পর্যবেক্ষণ আমলে নেওয়া হয়েছে

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে চলমান বিচার নিয়ে মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচের (এইচআরডব্লিউ) পর্যবেক্ষণ খতিয়ে দেখতে আমলে নেওয়া হয়েছে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। বৃহস্পতিবার (৩০ জুলাই) সচিবালয়ে আইনগত সহায়তা নিয়ে বেসরকারি সংস্থা ব্র্যাক ও ব্লাস্টের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। যুক্তরাষ্ট্র ভিত্তিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ) বলেছে, বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পরিচালনায় কর্তৃপক্ষ আন্তর্জাতিক আইনি মানদণ্ড বজায় রাখতে ব্যর্থ হচ্ছে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে আইনমন্ত্রী বলেন, ওনাদের জায়গা থেকে ওনারা যদি এটা পর্যবেক্ষণ দেন, আমাদের দায়িত্ব হলো- সে অবজারভেশনটাকে কগনিজেন্সে (আমলে) নিয়ে বিষয়টা খতিয়ে দেখা। আমাদের যেটুকু খতিয়ে দেখার দরকার, আমরা দেখবো। এটাকে আমরা ইগনোর করছি না, এটাকে আমরা বলছি না যে, ওনারা ঠিক করছেন বা বলছেন না। মন্ত্রী বলেন, ওনারা (এইচআরডব্লিউ) যদি কোনো অভিযোগ করে থাকেন, যে-ই অভিযোগ করুক, সে অভিযোগটা আমাদের খতিয়ে দেখার জন্য কগনিজেন্সে নেওয়া, আমরা কগনিজেন্সে নিচ্ছি। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## সিলেটে এনসিপির গাড়িবহরে হামলা-ভাঙচুর

সিলেটের গোলাপগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় নেতাদের গাড়িবহরে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এ ঘটনায় একটি গাড়ির কাচ ভেঙে গেলেও কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। বৃহস্পতিবার (৩০ জুলাই) বিকেল পৌনে ৩টার দিকে পৌরসভা এলাকার নূর ম্যানশনের সামনে এ ঘটনা ঘটে। এনসিপির অভিযোগ, দলটির উত্তরাঞ্চলের মুখ্য সমন্বয়ক সারজিস আলমকে বহনকারী গাড়িকে লক্ষ্য করে হামলা চালানো হয়। হামলাকারীরা বিএনপির নেতাকর্মী বলে দাবি করেন তিনি। তবে এ বিষয়ে বিএনপির কোনো বক্তব্য পাওয়া যায়নি। স্থানীয় সূত্র ও দলীয় নেতা-কর্মীদের সঙ্গে কথা বলে জানা যায়, ২০২৪ সালের জুলাই আন্দোলনে নিহতদের পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময়ের জন্য সারজিস আলমসহ এনসিপির কেন্দ্রীয় নেতারা গোলাপগঞ্জ পৌরসভা মিলনায়তনে একটি অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠান শেষে কানাইঘাটের উদ্দেশ্যে রওয়ানা হওয়ার সময় পৌরসভা ফটকের সামনে তাদের গাড়িবহর ঘিরে বিক্ষোভ শুরু হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, একদল যুবক 'ভুয়া ভুয়া' ও 'এনসিপি ভুয়া' স্লোগান দেন। স্থানীয়ভাবে তারা ছাত্রদলের নেতাকর্মী হিসেবে পরিচিত। একপর্যায়ে কয়েকজন বিক্ষোভকারী গাড়িবহরের দিকে এগিয়ে যান এবং একটি গাড়িতে ইট-পাটকেল নিক্ষেপ করা হয়। এতে গাড়ির কাচ ক্ষতিগ্রস্ত হয়। এর আগে, এনসিপির নেতারা গোলাপগঞ্জে পৌঁছালে চৌমুহনী এলাকায়ও তাদের বিরুদ্ধে একই ধরনের স্লোগান দেওয়া হয়। পরে তারা নির্ধারিত কর্মসূচি পালন করে পৌরসভা মিলনায়তনে শহিদ পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন। গোলাপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ ছবেদ আলী বলেন, "ভাঙচুরের ঘটনায় কেউ আহত হননি। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতায় এনসিপির নেতারা নিরাপদে গোলাপগঞ্জ ত্যাগ করেছেন।" ঘটনার পর সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে সারজিস আলম অভিযোগ করেন, গোলাপগঞ্জে তাদের গাড়িবহরে হামলা চালানো হয়েছে এবং গাড়ি ভাঙচুর করা হয়েছে। তিনি হামলার জন্য বিএনপির সন্ত্রাসীদের দায়ী করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## আমিই প্রথম আবু সাঈদ হত্যার প্রতিবাদ করি, আদালতে কলিমুল্লাহ

জুলাই আন্দোলনকালে এক হত্যাচেষ্টা মামলায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য নাজমুল আহসান কলিমুল্লাহকে গ্রেফতার দেখানোর আদেশ দিয়েছেন আদালত। শুনানির সময় তিনি দাবি করেন, জুলাই আন্দোলনের বিরোধিতা করেননি; বরং শিক্ষার্থী আবু সাঈদ নিহত হওয়ার পর তিনিই প্রথম প্রতিবাদ জানান। বৃহস্পতিবার (৩০ জুলাই) ঢাকার অ্যাডিশনাল চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জাকির হোসাইনের আদালতে শুনানি হয়। শুনানি শেষে মুস্তাঈন বিল্লাহ সাব্বির হত্যা প্রচেষ্টা মামলায় নাজমুল আহসান কলিমুল্লাহকে গ্রেফতার দেখানোর আদেশ দেওয়া হয়। আদেশের বিষয়টি নিশ্চিত করেন ঢাকা মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক (এসআই) হেলাল উদ্দিন।(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## ডিজিটাল ভূমিসেবা নিরাপদে মাঠপর্যায়ের অফিসে ১০ নির্দেশনা

ডিজিটাল ভূমিসেবা নিরাপদ, নিরবচ্ছিন্ন ও কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে উপজেলা ভূমি অফিস, রাজস্ব সার্কেল অফিস ও ইউনিয়ন ভূমি অফিসের জন্য ১০ দফা নির্দেশনা জারি করেছে ভূমি মন্ত্রণালয়। সোমবার (২৭ জুলাই) ভূমি মন্ত্রণালয়ের ডিজিটালাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরম্যান্স (ডিকেএমপি) অনুবিভাগ থেকে এ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়। নির্দেশনায় বলা হয়, ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন অটোমেটেড ভূমিসেবা কার্যক্রম নিরাপদ, নিরবচ্ছিন্ন ও কার্যকরভাবে পরিচালনার স্বার্থে মাঠপর্যায়ের ভূমি অফিসগুলোতে ব্যবহৃত কম্পিউটার, নেটওয়ার্ক ও অন্যান্য আইসিটি ডিভাইসের নিরাপত্তা এবং কর্মক্ষমতা বৃদ্ধি জরুরি। মন্ত্রণালয়ের জারি করা ১০ নির্দেশনা হলো

১. সব কম্পিউটারে লাইসেন্সপ্রাপ্ত ও সর্বশেষ সংস্করণের অ্যান্টিভাইরাস সফটওয়্যার ইনস্টল ও নিয়মিত হালনাগাদ নিশ্চিত করতে হবে।

২. সরকারি ওয়েবভিত্তিক সিস্টেম ব্যবহারে সর্বশেষ সংস্করণের নিরাপদ ব্রাউজার ব্যবহার করতে হবে এবং পুরোনো বা অনিরাপদ ব্রাউজার ব্যবহার করা যাবে না।
৩. কম্পিউটারের র‍্যাম, স্টোরেজ ও প্রসেসরের সক্ষমতা পর্যালোচনা করে প্রয়োজন অনুযায়ী আপগ্রেড করতে হবে।
৪. রাউটার, সুইচ ও ওয়াই-ফাই ডিভাইসের সক্ষমতা বৃদ্ধি, ফার্মওয়্যার নিয়মিত হালনাগাদ, শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার এবং ডিফল্ট ইউজারনেম ও পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।
৫. সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে অপারেটিং সিস্টেম ও সফটওয়্যার নিয়মিত আপডেট, অপ্রয়োজনীয় সফটওয়্যার অপসারণ, সন্দেহজনক ই-মেইল, লিংক ও ফাইল ব্যবহারে সতর্কতা, অনুমোদনহীন সফটওয়্যার ইনস্টল না করা এবং প্রয়োজন অনুযায়ী মাল্টি-ফ্যাক্টর অথেনটিকেশন ব্যবহার নিশ্চিত করতে হবে।
৬. গুরুত্বপূর্ণ তথ্যের নিয়মিত ব্যাকআপ সংরক্ষণ এবং ব্যাকআপের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
৭. কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, রাউটারসহ সব আইসিটি ডিভাইসের শারীরিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং অননুমোদিত ব্যক্তির প্রবেশ ও ব্যবহার নিয়ন্ত্রণ করতে হবে।
৮. ইউএসবি বা অন্যান্য বহনযোগ্য স্টোরেজ ডিভাইস ব্যবহারের আগে ভাইরাস স্ক্যান নিশ্চিত করতে হবে এবং অজানা উৎসের ডিভাইস ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
৯. কর্মকর্তা-কর্মচারীদের সাইবার নিরাপত্তা ও তথ্যপ্রযুক্তি ব্যবহারে সচেতনতা বৃদ্ধি এবং সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।
১০. অফিসে ব্যবহৃত সব ডিজিটাল ভূমিসেবা সিস্টেম নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। কোনো প্রযুক্তিগত বা নিরাপত্তাজনিত সমস্যা দেখা দিলে দ্রুত সংশ্লিষ্ট কারিগরি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। নির্দেশনায় দেশের সব উপজেলা ভূমি অফিস, রাজস্ব সার্কেল অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে এসব নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## ডেভিড ইমনের কাছে মিললো ভারতের ভুয়া আধার কার্ড, নাম ‘আজহার খান’

চট্টগ্রামের আলোচিত শীর্ষ সন্ত্রাসী মোবারক হোসেন ওরফে ডেভিড ইমনের কাছ থেকে ‘আজহার খান’ নামে ভারতের ভুয়া আধার কার্ড উদ্ধার করেছে পুলিশ। তাকে গ্রেফতারের সময় ওই নামে তৈরি একটি ভুয়া আধার কার্ড উদ্ধার করা হয়। একইসঙ্গে তার কাছ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে বিদেশি পিস্তল, এলজি ও দেশীয় অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার (৩০ জুলাই) চট্টগ্রাম জেলা পুলিশ জানায়, যশোরের ঝুমঝুমপুর এলাকা থেকে ডেভিড ইমনকে গ্রেফতারের সময় তার কাছ থেকে ‘আজহার খান’ নামে একটি ভারতীয় ভুয়া আধার কার্ড জব্দ করা হয়। পুলিশের ধারণা, সীমান্ত পেরিয়ে ভারতে পালিয়ে যাওয়ার পরিকল্পনার অংশ হিসেবে তিনি ওই পরিচয়পত্র ব্যবহার করছিলেন। চট্টগ্রাম জেলা পুলিশ সুপার মো. মাসুদ আলম বলেন, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কয়েকদিন ধরে দেশের বিভিন্ন জেলায় অভিযান চালিয়ে শেষ পর্যন্ত যশোর থেকে ডেভিড ইমনকে গ্রেফতার করা হয়। তদন্তে জানা গেছে, সীমান্তের ওপারে তাকে গ্রহণের জন্য লোকজন প্রস্তুত ছিল। পুলিশের দাবি, জিজ্ঞাসাবাদে ডেভিড ইমন তার অপরাধচক্র, অস্ত্রের মজুত এবং সহযোগীদের বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছেন। তার দেওয়া তথ্যের ভিত্তিতে ফটিকছড়ি উপজেলার কাঞ্চননগর ইউনিয়নের মানিকপুর গ্রামের এক পরিত্যক্ত বাড়িতে অভিযান চালিয়ে একটি বিদেশি পিস্তল, দুটি এলজি ও কয়েকটি দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। তদন্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদের দাবি, ডেভিড ইমন ও তার সহযোগী রায়হান চট্টগ্রাম মহানগর ও জেলার বিভিন্ন এলাকায় পৃথকভাবে চাঁদাবাজির নেটওয়ার্ক পরিচালনা করতেন। চাঁদাবাজির অর্থের একটি অংশ হুন্ডির মাধ্যমে ভারতে অবস্থানরত শীর্ষ সন্ত্রাসী সাজ্জাদ আলীর কাছে পাঠানো হতো। এছাড়া ওই অর্থের কিছু অংশ বিভিন্ন তদবিরকারীর কাছেও পৌঁছে দেওয়া হতো বলে তদন্তে উঠে এসেছে। পুলিশ আরও জানায়, পার্বত্য অঞ্চলভিত্তিক একটি সশস্ত্র সংগঠন থেকে অস্ত্র সংগ্রহ করে ডেভিড ইমনের গ্রুপ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা করতো বলে তদন্তে তথ্য মিলেছে। তবে এসব অভিযোগের বিষয়ে তদন্ত অব্যাহত রয়েছে। পুলিশ সূত্র জানায়, গত ১৩ জুন পাহাড়তলী এলাকায় মাকসুদুল হক চৌধুরী হত্যা মামলার তদন্তে প্রযুক্তিগত তথ্য, সিসিটিভি ফুটেজ ও গোয়েন্দা তথ্য বিশ্লেষণ করে প্রথমে ধামা ইলিয়াসকে গ্রেফতার করা হয়। পরে তার দেওয়া তথ্যের ভিত্তিতে যশোরে অভিযান চালিয়ে ডেভিড ইমনসহ চারজনকে গ্রেফতার করা সম্ভব হয়। ডেভিড ইমনের বিরুদ্ধে হত্যা, অস্ত্র, চাঁদাবাজিসহ অন্তত ১৩টি মামলা রয়েছে। এছাড়া চট্টগ্রাম মহানগর, রাউজান ও রাঙ্গুনিয়ার একাধিক হত্যাকাণ্ডে তার সম্পৃক্ততার বিষয়ে তদন্ত চলছে বলেও জানিয়েছে পুলিশ। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## ট্রাম্পের বিশেষ দূত সার্জিও গর ঢাকায়

তিনদিনের সফরে ঢাকায় এসেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক বিশেষ দূত সার্জিও গর। এটি তার প্রথম ঢাকা সফর। বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুর ২টা ৪১ মিনিটে ঢাকায় মার্কিন দূতাবাসের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ তথ্য জানানো হয়। এ বিষয়ে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি ক্রিস্টেনসেন বলেন, ‘আমার বন্ধু, দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক যুক্তরাষ্ট্রের বিশেষ দূত রাষ্ট্রদূত সার্জিও গরকে বাংলাদেশে স্বাগত জানাতে পেরে আমি আনন্দিত। তার এই সফর যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের কৌশলগত অংশীদারত্ব, আঞ্চলিক নিরাপত্তা এবং অর্থনৈতিক সহযোগিতাকে আরও শক্তিশালী করবে।’

(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## জুলাই গণ-অভ্যুত্থান জাদুঘরে নতুন ডিজি, বিএসসিতে এমডি

জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘরে নতুন মহাপরিচালক (ডিজি) ও বাংলাদেশ শিপিং করপোরেশনের (বিএসসি) নতুন ব্যবস্থাপনা পরিচালক (এমডি) নিয়োগ দিয়েছে সরকার। বুধবার (২৯ জুলাই) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএসডি (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা) যুগ্মসচিব ড. মোহাম্মদ কামরুজ্জামানকে জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘরের মহাপরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। এজন্য তার চাকরি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। এতদিন জাতীয় জাদুঘরের মহাপরিচালক তানজিম ওয়াহাব জুলাই স্মৃতি জাদুঘরের মহাপরিচালক ছিলেন। অন্যদিকে বাংলাদেশ শিপিং করপোরেশনের নতুন ব্যবস্থাপনা পরিচালক হয়েছেন নৌবাহিনীর কর্মকর্তা কমোডর ফজলার রহমান। তাকে এই নিয়োগ দিয়ে তার চাকরি নৌপরিবহণ মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। একইসঙ্গে শিপিং করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কমোডর মো. মাহমুদুল মালেককে নৌবাহিনীতে ফিরিয়ে নিতে তার চাকরি সশস্ত্র বাহিনী বিভাগে ন্যস্ত করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## লটারিতে গণপূর্তের ৭৬৭ উপ-সহকারী প্রকৌশলীর বদলি

প্রথমবারের মতো লটারির মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের ৭৬৭ জন উপ-সহকারী প্রকৌশলীকে (সিভিল) বদলি করা হয়েছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) রাজধানীর সেগুনবাগিচায় পূর্ত ভবনের সম্মেলন কক্ষে দেশের আট বিভাগের এসব কর্মকর্তার পদায়নের স্থান ও শাখা লটারির মাধ্যমে নির্ধারণ করা হয়। পুরো কার্যক্রম তদারকি ও সমন্বয় করেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সারোয়ার আলম। সরকারের উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা নিশ্চিত করার পাশাপাশি সুষ্ঠু মানবসম্পদ ব্যবস্থাপনার লক্ষ্যে লটারির মাধ্যমে বদলি করা হয়েছে বলে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। লটারির ফলাফলের ভিত্তিতে ঢাকা বিভাগে ৩১৭ জন, চট্টগ্রামে ১৩৩ জন, খুলনায় ৭৪ জন, রাজশাহীতে ৭৩ জন, রংপুরে ৬৪ জন, বরিশালে ৪৪ জন, সিলেটে ৩৩ জন এবং ময়মনসিংহে ২৯ জন উপ-সহকারী প্রকৌশলীকে পদায়ন করা হয়েছে। তাদের গণপূর্ত অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় এবং জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের বিভিন্ন শাখায় দায়িত্ব দেওয়া হয়েছে। অতিরিক্ত সচিব মো. সারোয়ার আলম বলেন, লটারির মাধ্যমে বদলি কার্যক্রম পরিচালনার ফলে স্বচ্ছতা, নিরপেক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। একইসঙ্গে মানবসম্পদ ব্যবস্থাপনায় একটি কার্যকর, আধুনিক ও গ্রহণযোগ্য পদ্ধতির সূচনা হলো। গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী কাজী মো. ফিরোজ হাসান বলেন, প্রথমবারের মতো এ ধরনের লটারিভিত্তিক বদলি কার্যক্রম প্রকৌশলীদের মধ্যে আস্থা, সমতা ও স্বচ্ছতা প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## দৃষ্টি প্রতিবন্ধী শারমিনকে চাকরি দিলেন স্বাস্থ্যমন্ত্রী

সাতক্ষীরার দৃষ্টিপ্রতিবন্ধী শারমিন আক্তারকে চাকরি দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। রাজধানীর এসেনশিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেডে (ইডিসিএল) 'কনিষ্ঠ কর্মকর্তা' হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে তাকে। আগামী ২ আগস্ট কর্মস্থলে যোগদান করবেন তিনি। বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুরে সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে শারমিন আক্তারের হাতে নিয়োগপত্র তুলে দেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। এ সময় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এস এম জিয়াউদ্দিন হায়দার ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. প্রভাত চন্দ্র বিশ্বাস উপস্থিত ছিলেন। এর আগে, গত ২৬ জুলাই সাতক্ষীরা জেলায় হাসপাতাল পরিদর্শনকালে প্রতিবন্ধী শারমিন আখতার স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটি চাকরি প্রার্থনা করেন। মন্ত্রী তাকে চাকরি দেওয়ার আশ্বাস দিয়েছিলেন। শারমিনের গ্রামের বাড়ি সাতক্ষীরার শ্যামনগর উপজেলার পশ্চিম কৈখালী গ্রামে। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর পাশ করেছেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, তিন পুলিশ কর্মকর্তাকে বরখাস্ত

কর্তৃপক্ষের অনুমতি ছাড়া দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে তিনজন পুলিশ কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুযায়ী তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং সাময়িক বরখাস্তের আদেশ জারি করা হয়েছে। বুধবার (২৯ জুলাই) এ বিষয়ে পৃথক তিনটি প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। বৃহস্পতিবার (৩০ জুলাই) প্রজ্ঞাপনগুলো প্রকাশ করা হয়। প্রজ্ঞাপন অনুযায়ী, রাজশাহীর সারদা পুলিশ একাডেমির ডিআইজি এ কে এম এহসান উল্লাহ ২০২৫ সালের ২৯ অক্টোবর থেকে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থলে অনুপস্থিত। তার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়নের' অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। একই তারিখ থেকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। অন্য প্রজ্ঞাপনে বলা হয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ওএসডি হিসেবে সংযুক্ত পুলিশ সুপার মো. আলী আশরাফ ভুঁইয়া ২০২৫ সালের ৭ মার্চ থেকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত। তার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়নের' অভিযোগে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়েছে

এবং ৭ মার্চ ২০২৫ থেকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এছাড়া ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সহকারী পুলিশ কমিশনার ফারহানা তাসকিন ২০১৮ সালের ২৮ মার্চ থেকে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে 'পলায়নের' অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। একই তারিখ থেকে তাকেও সাময়িক বরখাস্ত করা হয়েছে। বরখাস্তকালীন সময়ে তিনিও বিধি অনুযায়ী খোরপোশ ভাতা পাবেন। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার সংশ্লিষ্ট বিধান অনুযায়ী এই সাময়িক বরখাস্তের আদেশ কার্যকর করা হয়েছে। বরখাস্তকালীন তারা বিধি অনুযায়ী খোরপোশ ভাতা পাবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## অবসরপ্রাপ্ত সেনাদের জন্য 'এক পদ এক বেতন' নীতি বাস্তবায়নের নির্দেশনা

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম বৃহস্পতিবার (৩০ জুলাই) বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (বিএসবি) পরিদর্শন করেন। এসময় তিনি সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের জন্য সরকারের 'এক পদ এক বেতন' নীতি বাস্তবায়নের কথা জানান। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্রতিরক্ষা উপদেষ্টা রাজধানীর কাকরাইলে অবস্থিত বিএসবি কার্যালয়ে পৌঁছালে তাকে স্বাগত জানান প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. আশরাফ উদ্দিন এবং বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মাশরুর হোসাইন ভুঁইয়া। প্রতিরক্ষা উপদেষ্টা পরিদর্শনকালে অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্য ও তাদের পরিবারের কল্যাণ নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা দেন। তিনি অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্যদের জন্য সরকারের 'এক পদ, এক বেতন' নীতি বাস্তবায়নের কথা জানান। অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্যদের কল্যাণ ও প্রাপ্য সুবিধা নিশ্চিত করতে সমপদের জন্য সমান বেতননীতি কার্যকরের বিষয়টি ত্বরান্বিত করার ওপর গুরুত্বারোপ করেন। আইএসপিআর আরও জানায়, জেলা পর্যায়ের অবসরপ্রাপ্ত কর্মীদের মিলনমেলা ও সহায়তার কেন্দ্রবিন্দু হিসেবে গড়ে তুলতে প্রতিটি জেলার সশস্ত্র বাহিনী বোর্ডকে আরও গতিশীল ও শক্তিশালী করার জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণের নির্দেশনা দেন প্রতিরক্ষা উপদেষ্টা। এজন্য প্রশাসনিক ও লজিস্টিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সমন্বিত পরিকল্পনা গ্রহণের ওপর তিনি গুরুত্বারোপ করেন। এছাড়া, চিকিৎসাসেবার সম্প্রসারণে অবসরপ্রাপ্ত সৈনিক ও তাদের পরিবারের চিকিৎসা ও সহায়তা নিশ্চিত করতে ৬১টি জেলায় ঔষধ সংগ্রহের লক্ষ্যে মেডিক্যাল স্টোরের সংখ্যা বৃদ্ধি এবং প্রয়োজনীয় জীবন রক্ষাকারী ঔষধ সংগ্রহ বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণের নির্দেশনা দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## হজের বিমান টিকিটের দাম কমে ১ লাখ ৩০ হাজার টাকা

হজযাত্রীদের খরচ কমাতে চলতি বছর হজের বিমান টিকিটের মূল্য আরও ২৫ হাজার টাকা কমিয়ে ১ লাখ ৩০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে বলে জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। বৃহস্পতিবার (৩০ জুলাই) সকালে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে হজ্জ এজেন্সি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) আয়োজিত তিন দিনব্যাপী জাতীয় হজ ও ওমরাহ ফেয়ার-২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান। প্রতিমন্ত্রী বলেন, 'সবার আগে বাংলাদেশ' প্রতিপাদ্যকে সামনে রেখে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বর্তমান সরকার দেশের উন্নয়নে কাজ করছে। একইসঙ্গে বাংলাদেশি হজযাত্রীদের জন্য যৌক্তিক খরচে ও হয়রানিমুক্ত পরিবেশে হজ প্যাকেজ নিশ্চিত করতে সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, গত বছর হজের বিমান টিকিটের খরচ ১২ হাজার টাকা কমানো হয়েছিল। এবার আরও ২৫ হাজার টাকা কমিয়ে টিকিটের মূল্য ১ লাখ ৩০ হাজার টাকায় নামিয়ে আনা হয়েছে। প্রতিমন্ত্রী জানান, বিমান টিকিটের ওপর আরোপিত সৌদি বিমানবন্দরের নির্মাণ কর কমানোর জন্য সৌদি সরকারের কাছে অনুরোধ জানিয়েছে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়। এ ছাড়া বাংলাদেশি হাজিদের আবাসন ব্যয় কমাতে বিশেষ সুবিধা দেওয়ার বিষয়ে সৌদি রাষ্ট্রদূতের সঙ্গে আলোচনা হয়েছে বলেও জানান তিনি। তিনি হজযাত্রীদের সঙ্গে কোনো ধরনের প্রতারণা করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে সর্বোচ্চ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন। একইসঙ্গে সরকারের নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নে দেশবাসীর দোয়া কামনা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## তৃণমূল থেকে ক্রীড়ার ভিত্তি গড়ে বিশ্বমঞ্চে বাংলাদেশকে পরিচিত করতে চাই : শিক্ষামন্ত্রী

তৃণমূল থেকে ক্রীড়ার ভিত্তি গড়ে বিশ্বমঞ্চে বাংলাদেশের পরিচয় গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন। তৃণমূল পর্যায় থেকে ক্রীড়ার ভিত্তি শক্ত করে বাংলাদেশকে আন্তর্জাতিক অঙ্গনে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে আয়োজন করা হচ্ছে প্রাইম মিনিস্টার্স গোল্ড কাপ টুর্নামেন্ট। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা ও খেলাধুলাকে সমন্বয় করে সুস্থ, দক্ষ ও মেধাবী প্রজন্ম গড়ে তোলাই এ আয়োজনের মূল উদ্দেশ্য। বৃহস্পতিবার (৩০ জুলাই) চট্টগ্রাম প্রেস ক্লাবের জুলাই বিপ্লব হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, তৃণমূল পর্যায়ে খেলাধুলার সম্প্রসারণ এবং যুব সমাজকে সঠিক পথে এগিয়ে নিতে এই আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। খেলাধুলাকে পেশা হিসেবে প্রতিষ্ঠিত করে বাংলাদেশের ক্রীড়াঙ্গনকে আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যাওয়া আমাদের অন্যতম লক্ষ্য। তিনি বলেন, দেশের প্রাথমিক পর্যায়ের ২২ লাখ শিক্ষার্থী নিয়ে এর আগে বড়ো পরিসরে ক্রীড়া আয়োজন করা হয়েছে। এবার

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদরাসা ও কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সম্পৃক্ত করে দেশব্যাপী এ প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## ৫০ হাজার বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীকে আইসিটি প্রশিক্ষণ দেবে ইউজিসি

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য অধ্যাপক ড. আবদুল্লাহ-আল-মামুন বলেছেন, দেশের তরুণ প্রজন্মকে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে সরকার ও ইউজিসি যৌথভাবে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। বর্তমানে দেশের কয়েকটি বিশ্ববিদ্যালয়ে ভাষা শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। সরকারি সহযোগিতায় আরও ৩০টি বিশ্ববিদ্যালয়ে ভাষা শিক্ষা কার্যক্রম সম্প্রসারণের পরিকল্পনা নেওয়া হয়েছে। বৃহস্পতিবার (৩০ জুলাই) বেলা ১১টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের আয়োজনে অনুষ্ঠিত 'তারুণ্যে এবং সম্ভাবনার বাংলাদেশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, 'প্রায় ৫০ হাজার বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীকে আইসিটি, ভাষা ও নৈতিকতা বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। অবকাঠামো উন্নয়নের পাশাপাশি মানবসম্পদ উন্নয়নকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। এ লক্ষ্যে একাডেমিয়া-ইন্ডাস্ট্রি সহযোগিতা বৃদ্ধি, শিক্ষকদের প্রশিক্ষণ, আন্তর্জাতিক মানের অ্যাকাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন এবং বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে বৈষম্য কমানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।' ড. আবদুল্লাহ-আল-মামুন আরও বলেন, 'শিক্ষার্থীদের উদ্ভাবনী চিন্তা, উদ্যোক্তা হওয়ার মানসিকতা এবং কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক (এআই) দক্ষতা অর্জনে সরকার সর্বাত্মক সহযোগিতা করবে, যাতে তারা ভবিষ্যতের কর্মবাজারে প্রতিযোগিতামূলক অবস্থান তৈরি করতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## শুধু নিরাময় নয়, রোগ প্রতিরোধে মনোযোগ দিতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, এখন শুধু রোগ নিরাময় নয়, বরং রোগ প্রতিরোধের দিকে মনোযোগ দিতে হবে। এর জন্য একদম জিরো (শূন্য) বয়স থেকে উদ্ভাবনী প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। বৃহস্পতিবার (৩০ জুলাই) সকালে রাজধানীর মহাখালীতে জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠানে (নিপসম) ২০২৫-২৬ অর্থবছরের রাজস্বখাতে পরিচালিত গবেষণা কার্যক্রমের ফলাফল প্রকাশ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। নিপসমের পরিচালক অধ্যাপক ডা. নাসরিন সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এম এম জিয়াউদ্দিন হায়দার, বাংলাদেশ মেডিকেল রিসার্চ কাউন্সিলের (বিএমআরসি) চেয়ারম্যান অধ্যাপক ডা. সায়েবা আক্তার, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. প্রভাত চন্দ্র বিশ্বাস ও ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ড্যাব) ডা. মো. জহিরুল ইসলাম শাকিল। চিকিৎসকদের উদ্দেশ্যে স্বাস্থ্যমন্ত্রী সাখাওয়াত হোসেন বলেন, একজন ডাক্তারের হাসিমুখ এবং সহমর্মিতাপূর্ণ আচরণ রোগীকে অর্ধেক সুস্থ করে দেয়। চিকিৎসকই পারে রোগীকে সুস্থ করে তুলতে। অসুস্থ অসহায় মানুষের শেষ সম্বল হয় ডাক্তার। তিনি বলেন, মানুষের চিকিৎসা কেবল ট্যাবলেট বা ঔষধ দেওয়া নয়; ভালো কথা ও সঠিক পরামর্শও বড়ো চিকিৎসা। একজন রোগী যখন বিছানায় কাতর হয়ে থাকেন, তখন ডাক্তার যা বলেন, তা-ই করেন রোগী। চিকিৎসকদের নিজেদের এমন মানবিক মানুষে রূপান্তর করতে হবে, যা কেবল ঔষধ নয়- আচরণ দিয়েও রোগীকে সুস্থ করে তোলে। ক্যানসার ও কিডনি রোগী বৃদ্ধির বিষয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি জানান, দেশে মারাত্মকভাবে বেড়েছে কিডনি ও ক্যানসার আক্রান্ত রোগীর সংখ্যা। কিডনি ও ক্যানসার রোগীদের ভয়াবহ কষ্ট সহ্য করতে হয় এবং এই রোগীদের কষ্টের সীমা নেই। উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরে স্বাস্থ্যমন্ত্রী বলেন, শুধু ব্রিজ বা রাস্তাঘাট নির্মাণ করে ভোট চাওয়ার রাজনৈতিক যুগ পার হয়ে গেছে। মানুষের প্রয়োজনীয় বিষয় নিয়ে কাজ করতে হবে এবং জনগণের চাহিদার আলোকে দেশকে গড়ে তুলতে হবে। সেইসঙ্গে গ্রামীণ মানুষের স্বাস্থ্যের ওপর সর্বোচ্চ গুরুত্ব দিয়ে গবেষণা ও সচেতনতামূলক কাজ চালাতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## 'আমাকে ফাঁসি দিয়ে দেন' বললেন লতিফ সিদ্দিকী

রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে ২০১৩ সালের ৫ মে হেফাজতে ইসলাম বাংলাদেশ-এর মহাসমাবেশ ঘিরে সংঘটিত গণহত্যার মামলায় নিজের ফাঁসি দাবি করেছেন আওয়ামী লীগ সরকারের সাবেক মন্ত্রী লতিফ সিদ্দিকী। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ তাকে গণহত্যার অভিযোগে গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়ার পর আদালতকক্ষে কাঠগড়া থেকে বের হওয়ার সময় তিনি বলেন, 'আমাকে ফাঁসি দিয়ে দেন।' বৃহস্পতিবার (৩০ জুলাই) শুনানি শেষে ট্রাইব্যুনাল তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। আদেশের সময় লতিফ সিদ্দিকী আদালতের কাছে কিছু বলার অনুমতি চান। তবে তাকে বক্তব্য দেওয়ার সুযোগ না দিয়ে আইনজীবীদের মাধ্যমে কথা বলার নির্দেশনা দেন ট্রাইব্যুনাল। আইনজীবীরা জানান, মামলার এ পর্যায়ে আসামির বক্তব্য উপস্থাপনের সুযোগ নেই। পরে তাকে কাঠগড়া থেকে বের করে নিয়ে যাওয়ার সময় তিনি উচ্চৈস্বরে বলেন, 'আমাকে ফাঁসি দিয়ে দেন।' শুনানির সময় আদালতে উপস্থিত ছিলেন তার ভাই বঙ্গবীর কাদের সিদ্দিকী। এদিন রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে গণহত্যার অভিযোগে করা মানবতাবিরোধী অপরাধের মামলায় গ্রেফতার দেখিয়ে সাবেক মন্ত্রী আবদুল লতিফ সিদ্দিকীকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুর ২টার দিকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ শুনানি শেষে এ আদেশ দেন। দুপুর ১টার দিকে তাকে ট্রাইব্যুনালে হাজির করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রিহাব)

## পররাষ্ট্র উপদেষ্টার সঙ্গে নেপালের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরের সঙ্গে ঢাকায় নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ঘনশ্যাম ভান্ডারী সৌজন্য সাক্ষাৎ করেছেন। বৃহস্পতিবার (৩০জুলাই) তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে বাংলাদেশ ও নেপালের বিদ্যমান বন্ধুত্বপূর্ণ দ্বিপক্ষীয় সম্পর্ক এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতবিনিময় হয়। উভয় পক্ষ বাণিজ্য, বিদ্যুৎ, আঞ্চলিক সংযোগ, পর্যটনসহ বিভিন্ন খাতে সহযোগিতা জোরদার এবং পারস্পরিক সম্পৃক্ততা আরও গভীর করার প্রত্যয় পুনর্ব্যক্ত করেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. কামরুল ইসলাম ভুঁইয়া এ তথ্য জানান।(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

## ঢাকায় ইমারত বিধিমালা পর্যালোচনায় স্বরাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে কমিটি

ঢাকা মহানগর ইমারত বিধিমালা কার্যকরভাবে প্রয়োগের জন্য বিদ্যমান আইনি কাঠামো পর্যালোচনা ও প্রয়োজনীয় সংশোধনের লক্ষ্যে তিন সদস্যের মন্ত্রী পর্যায়ের কমিটি গঠন করেছে সরকার। গত মঙ্গলবার (২৮ জুলাই) এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। ৮৬ ডেপুটি ও ১৭৯ সহকারী অ্যাটর্নি জেনারেল নিয়োগ স্বরাষ্ট্রমন্ত্রীকে কমিটির সভাপতি করা হয়েছে। সদস্য হিসেবে রয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মন্ত্রী। কমিটিকে ঢাকা মহানগর ইমারত বিধিমালা প্রয়োগের পর্যাপ্ত আইনি কাঠামো নিশ্চিত করতে 'বিল্ডিং কনস্ট্রাকশন অ্যাক্ট, ১৯৫২' এবং 'টাউন ইমপ্রুভমেন্ট অ্যাক্ট, ১৯৫৩' পর্যালোচনা করে সংশ্লিষ্ট আইনের সংশোধন, পরিমার্জন ও চূড়ান্ত করার সুপারিশ প্রণয়নের দায়িত্ব দেওয়া হয়েছে। প্রয়োজনে কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে। প্রয়োজন অনুযায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা দেবে। এছাড়া কমিটির সুপারিশ অনুযায়ী সংশোধিত আইন ও বিধিমালার প্রস্তাব মন্ত্রিসভার বৈঠকে উপস্থাপন করবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।(জাগো নিউজ ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ রুবাইয়া)

## হেঁটে-বাসে ১৩ দেশ পেরিয়ে যুক্তরাষ্ট্র, শূন্যহাতে ফিরলেন ২৩ বাংলাদেশি

দক্ষিণ ও মধ্য আমেরিকার ১৩ থেকে ১৫টি দেশ বাসে ও হেঁটে পাড়ি দিয়ে ঝুঁকিপূর্ণ পথে যুক্তরাষ্ট্রে পৌঁছাতে জনপ্রতি গড়ে ৫০ থেকে ৬৫ লাখ টাকা খরচ করেছেন বাংলাদেশিরা। উন্নত জীবনের আশায় বিপুল অর্থ ব্যয় করে নানা ঝুঁকি নিয়ে যুক্তরাষ্ট্রে গেলেও, শেষ পর্যন্ত অভিবাসনসংক্রান্ত আইনি জটিলতায় পড়ে তাদের দেশে ফিরতে হয়েছে। যুক্তরাষ্ট্রের চলমান অভিবাসনবিরোধী অভিযানের অংশ হিসেবে বৃহস্পতিবার (৩০ জুলাই) আরও ২৩ বাংলাদেশিকে দেশে ফেরত পাঠানো হয়েছে। এদিন বেলা ১১টার দিকে বিশেষ ফ্লাইটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তারা। ফেরত আসা ব্যক্তিদের ভাষ্য অনুযায়ী, তাদের মধ্যে ২০ জন ব্রাজিল থেকে বলিভিয়া, পেরু, ইকুয়েডর, কলম্বিয়া, পানামা, কোস্টারিকা, নিকারাগুয়া, হন্ডুরাস ও গুয়াতেমালা হয়ে মেক্সিকো সীমান্ত অতিক্রম করে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন। এ যাত্রাপথে তাদের কারও ১৩টি, কারও ১৫টি দেশ পাড়ি দিতে হয়েছে। তাদের বাসে ও হেঁটে দীর্ঘপথ অতিক্রম করতে হয়েছে। এছাড়া একজন দক্ষিণ আফ্রিকা থেকে ব্রাজিল হয়ে একই রুট ব্যবহার করেন এবং একজন নিউইয়র্ক রুট দিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন। ল ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রামের সহযোগী পরিচালক (মাইগ্রেশন ও ইয়ুথ প্ল্যাটফর্ম) শরিফুল হাসান বলেন, প্রাথমিক তথ্য বিশ্লেষণে দেখা যায়, ফেরত আসা ব্যক্তিদের অধিকাংশই দক্ষিণ ও মধ্য আমেরিকার দীর্ঘ, ব্যয়বহুল ও অত্যন্ত ঝুঁকিপূর্ণ রুট ব্যবহার করে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছিলেন। যুক্তরাষ্ট্রে পৌঁছাতে জনপ্রতি গড়ে প্রায় ৫০ থেকে ৬৫ লাখ টাকা ব্যয় হয়েছে। তিনি বলেন, উন্নত জীবনের আশায় বিপুল অর্থ ব্যয় করেও শেষ পর্যন্ত তারা অভিবাসন-সংক্রান্ত আইনি জটিলতায় পড়ে দেশে ফিরতে বাধ্য হয়েছেন। তাই অনিয়মিত পথে যুক্তরাষ্ট্রে যাওয়ার ঝুঁকি সম্পর্কে সবাইকে সচেতন হতে হবে। ফেরত আসা ব্যক্তিরা জানান, ব্রাজিল রুট ব্যবহারকারীদের অধিকাংশই জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) ছাড়পত্র নিয়ে ব্রাজিলে যান। অন্যরা ট্যুরিস্ট ভিসায় ব্রাজিলে প্রবেশের পর দালালচক্রের সহায়তায় একই অনিয়মিত রুটে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন। যুক্তরাষ্ট্রে অবস্থানকালে তাদের কেউ কেউ বিভিন্ন প্রতিষ্ঠানে কাজও করেন। তবে বৈধ অভিবাসনের প্রয়োজনীয় শর্ত পূরণ করতে না পারায়, তারা দেশটির অভিবাসন কর্তৃপক্ষের নজরে পড়েন। পরবর্তীতে মার্কিন অভিবাসন আইন লঙ্ঘনের অভিযোগে তাদের দেশে ফেরত পাঠানো হয়। মার্কিন আইন অনুযায়ী, বৈধ কাগজপত্র ছাড়া অবস্থানকারী অভিবাসীদের আদালতের রায় বা প্রশাসনিক আদেশের মাধ্যমে নিজ দেশে ফেরত পাঠানো যায়। আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যাত হলে মার্কিন অভিবাসন ও শুল্ক প্রয়োগকারী সংস্থা (আইসিই) প্রত্যাবাসনের ব্যবস্থা করে। সাম্প্রতিক সময়ে এ প্রক্রিয়া আরও দ্রুত হওয়ায় চার্টার্ড ও বিশেষ ফ্লাইটের ব্যবহারও বেড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

## সরকারি দপ্তরে এআই ব্যবহারে সতর্ক থাকার নির্দেশ

সরকারি দাপ্তরিক কাজে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) টুল ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা ও দায়িত্বশীলতা অবলম্বনের নির্দেশ দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। মঙ্গলবার (২৮ জুলাই) মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স-২ শাখা থেকে এ সংক্রান্ত একটি চিঠি সব মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিবদের কাছে পাঠানো হয়েছে। এতে বলা হয়, বর্তমানে সরকারি দপ্তরগুলোতে দাপ্তরিক কার্যক্রমের বিভিন্ন ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) টুলের ব্যবহার ক্রমেই বাড়ছে। এআই ব্যবহারে দাপ্তরিক কাজের দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি পেলেও, অসতর্ক ব্যবহারের কারণে সরকারি সংবেদনশীল ও গোপনীয় তথ্য

অননুমোদিতভাবে প্রকাশ বা তৃতীয় পক্ষের কাছে চলে যাওয়ার ঝুঁকি রয়েছে। এ অবস্থায় সরকারি দাপ্তরিক কাজে এআই টুল ব্যবহারের ক্ষেত্রে সরকারি তথ্যের নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করতে সর্বোচ্চ সতর্কতা ও দায়িত্বশীলতা অবলম্বনের নির্দেশ দেওয়া হয়েছে। একইসঙ্গে এ বিষয়ে প্রচলিত আইন, বিধি-বিধান ও সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য সব সরকারি দপ্তরকে অনুরোধ জানানো হয়েছে চিঠিতে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

## কোনো পণ্য নিয়ে গবেষণা প্রতিবেদন প্রকাশের আগে বিএসটিআইকে জানানোর দাবি

টুথপেস্ট বা অন্যান্য পণ্যের ক্ষেত্রে মাইক্রোপ্লাস্টিক কিংবা ক্ষতিকর উপাদানের উপস্থিতি নিয়ে কোনো বেসরকারি সংস্থা গবেষণা প্রতিবেদন প্রকাশের আগে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী সংস্থাকে অবহিত করার দাবি জানানো হয়েছে। নিয়ন্ত্রণকারী সংস্থাকে বিষয়টি যাচাইয়ের সুযোগ দেওয়ার এ দাবি জানিয়েছেন দেশের শীর্ষস্থানীয় শিল্পপ্রতিষ্ঠানগুলোর প্রতিনিধিরা। একইসঙ্গে এ ধরনের গবেষণা প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে একটি সুস্পষ্ট আইন বা নীতিমালা প্রণয়নের উদ্যোগ নেওয়ারও আহ্বান জানান তারা। বৃহস্পতিবার (৩০ জুলাই) রাজধানীর তেজগাঁওয়ে বিএসটিআইয়ের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এক গণশুনানিতে তারা এ দাবি জানান। গণশুনানিতে প্রধান অতিথি ছিলেন বিএসটিআইয়ের মহাপরিচালক (সচিব) কাজী ইমদাদুল হক। বিশেষ অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়েরর যুগ্ম সচিব ড. মো. সাইফুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএসটিআইয়ের পরিচালক (প্রশাসন) মো. সাইফুল ইসলাম।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

## মিরপুরে ডাকাতির প্রস্তুতিকালে পুলিশের অভিযান, গ্রেফতার ২

রাজধানীর মিরপুরের সেকশন-৬ এলাকায় ডাকাতির প্রস্তুতিকালে দুইজনকে গ্রেফতার করেছে মিরপুর মডেল থানা পুলিশ। গ্রেফতাররা হলেন- ছাব্বির আহম্মেদ অপূর্ব (২১) ও তুহিন আহমেদ তুষার ওরফে তুষার খান (২৩)। বৃহস্পতিবার (৩০ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। মিরপুর মডেল থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গতকাল বুধবার দিনগত গভীর রাতে গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, মিরপুর মডেল থানাধীন সেকশন-৬ এলাকায় **১৭/১৮** জন দুষ্কৃতকারী দেশীয় অস্ত্র নিয়ে ডাকাতির প্রস্তুতি নিচ্ছে। এমন তথ্যের ভিত্তিতে মিরপুর মডেল থানা পুলিশের একটি টিম সেখানে অভিযান চালিয়ে দুইজনকে গ্রেফতার করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে তাদের অন্য সহযোগীরা পালিয়ে যায়। গ্রেফতারদের কাছ থেকে ২টি চাকু, একটি বৈদ্যুতিক শক দেওয়ার যন্ত্র ও একটি মোটরসাইকেল উদ্ধার করা হয়। এ ঘটনায় মিরপুর মডেল থানায় একটি নিয়মিত মামলা করা হয়েছে। গ্রেফতার ব্যক্তিরা ডাকাত দলের সক্রিয় সদস্য এবং অন্যান্য সহযোগীদের নিয়ে ডাকাতির প্রস্তুতি নিচ্ছিল বলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়। এছাড়া, গ্রেফতার তুহিন আহমেদ তুষারের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন বলেও জানান নিয়াজ মেহেদী।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

## আধুনিক জলোচ্ছ্বাস পূর্বাভাস মডেল চালু করলো আবহাওয়া অধিদপ্তর

জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় উচ্চ-রেজোলিউশনের জলবায়ু প্রক্ষেপণ তথ্য এবং আধুনিক জলোচ্ছ্বাস পূর্বাভাস মডেল চালু করেছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। বৃহস্পতিবার (৩০ জুলাই) বাংলাদেশ পর্যটন করপোরেশনে অনুষ্ঠিত এক সেমিনারে এ তথ্য জানানো হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. আশরাফ উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন জাইকা বাংলাদেশ অফিসের প্রধান প্রতিনিধি তাকাহাশি জুনকো এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উইং-৩ প্রধান ব্রিগেডিয়ার জেনারেল মো. সাইফুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মো. মমিনুল ইসলাম। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়, জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) অর্থায়নে পরিচালিত 'স্ট্রেনথেনিং দ্য ক্যাপাসিটি অব ওয়েদার অ্যান্ড ক্লাইমেট সার্ভিসেস' প্রকল্পের আওতায় এ উদ্যোগ বাস্তবায়ন করা হয়েছে। নতুন গবেষণার তথ্য অনুযায়ী, দেশের উত্তর-পূর্বাঞ্চলে মৌসুমি বৃষ্টিপাত বৃদ্ধি পেতে পারে এবং অতি ভারী বৃষ্টির কারণে আকস্মিক বন্যার ঝুঁকি বাড়তে পারে। বর্ষা মৌসুম শুরু হওয়ার পরও তীব্র ও ঘন ঘন তাপপ্রবাহ দেখা দেওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া শীতকাল ও বর্ষা-পরবর্তী সময়ে ঘন কুয়াশার প্রবণতাও বাড়তে পারে। নতুন জলোচ্ছ্বাস পূর্বাভাস মডেলের মাধ্যমে জলোচ্ছ্বাসের উচ্চতা, পরিবর্তনের ধারা ও সম্ভাব্য প্লাবিত এলাকার আরও নির্ভুল আগাম তথ্য পাওয়া যাবে। একইসঙ্গে সমুদ্রের ঢেউয়ের উচ্চতার পূর্বাভাসও আরও নির্ভুলভাবে দেওয়া সম্ভব হবে। আইএসপিআর আরও জানায়, নতুন জলোচ্ছ্বাস পূর্বাভাস মডেলটি এরই মধ্যে কার্যক্রম শুরু করেছে এবং এর পূর্বাভাস সংস্থার অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। এ উদ্যোগ বিশ্ব আবহাওয়া সংস্থার 'আর্লি ওয়ার্নিংস ফর অল' কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সেমিনারে প্রতিরক্ষা মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার প্রতিনিধিরা অংশ নেন। প্রধান অতিথি তার বক্তব্যে জাইকার সহযোগিতার প্রশংসা করে বলেন, আবহাওয়াজনিত ঝুঁকি থেকে জনগণকে সুরক্ষিত রাখতে আধুনিক প্রযুক্তির ব্যবহার আরও জোরদার করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

(জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

### ডেঙ্গুতে সাত মাসে ৫০ মৃত্যু, জুলাইতেই ৩২

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ২৪ ঘণ্টায় আরও তিনজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট মৃত্যু বেড়ে দাঁড়িয়েছে ৫০ জনে। যার মধ্যে জুলাইয়ের ২৮ দিনেই মারা গেছেন ৩২ জন। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৫৩৪ জন রোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। ফলে ১ জানুয়ারি থেকে ২৯ জুলাই পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়া রোগীর সংখ্যা পৌঁছেছে ১৪ হাজার ৬৯০ জনে। একই সময়ে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ১৩ হাজার ৯ জন ডেঙ্গুরোগী। বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন ১ হাজার ১৮৮ জন। বুধবার (২৯ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য মোতাবেক, গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া তিনজনের মধ্যে ঢাকা, ময়মনসিংহ ও বরিশাল বিভাগে একজন করে রয়েছেন। এখন পর্যন্ত মোট মারা যাওয়া ৫০ জনের মধ্যে ৩২ জনই মারা গেছেন চলতি জুলাইয়ে। এর আগে, জুনে ১৩ জন, মে মাসে ১ জন, ফেব্রুয়ারি ও জানুয়ারিতে একজন করে মারা যান। তথ্য বিশ্লেষণে দেখা গেছে, মোট মারা যাওয়া ৫০ জনের মধ্যে নারী ৬০ শতাংশ এবং পুরুষ ৪০ শতাংশ। ডেঙ্গুতে চলতি বছর এখন পর্যন্ত সবচেয়ে বেশি ১৬ জনের মৃত্যু হয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকায়। এছাড়া ঢাকা উত্তর সিটিতে ৬ জন, বরিশালে ৬ জন, চট্টগ্রামে ৫ জন, সিটি করপোরেশনের বাইরে ঢাকা বিভাগে ১ জন, খুলনায় ৬ জন, ময়মনসিংহে ৬ জন, রাজশাহীতে ১ জন ও রংপুরে ১ জন মারা গেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ রুবাইয়া)

## রেডিও টুডে

### শুধু বিমান টিকিট নয়, আনুষঙ্গিক খরচ কমিয়ে হজ প্যাকেজ সাজানো হবে : বিমান প্রতিমন্ত্রী

বেসামরিক বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত বলেছেন, শুধু বিমান টিকিট নয়, আনুষঙ্গিক খরচ কমিয়ে হজ প্যাকেজ সাজানো হবে। বৃহস্পতিবার সকালে রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জাতীয় হজ ও ওমরাহ মেলায় তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, হজের ভাড়া কমানোর সম্পূর্ণ কৃতিত্ব প্রধানমন্ত্রী তারেক রহমানের। হজের সুযোগ-সুবিধা নিশ্চিত করতে সৌদি রাষ্ট্রদূতকে ডাকা হয়েছিল, এ সময় খরচ আরো কমানোর জন্য আলোচনা করা হয়েছে। এ সময় প্রতিমন্ত্রী জানান, 'ডি' ক্যাটাগরির প্যাকেজে 'সি' ক্যাটাগরির সুবিধা নিশ্চিতে সরকার চেষ্টা করে যাচ্ছে। এতে হাজিদের অনেকটা সুবিধা হবে। তিনি আরো বলেন, ২০২৬ সালের হজ ব্যবস্থাপনার চেয়েও ২০২৭ সালের হজ ব্যবস্থা আরো ভালো করতে চায় এ দেশের এজেন্সিরা। হাজিদের লাগেজ, খাবারসহ যে অসুবিধার কথা বলা হয়েছে, সেগুলো আর হবে না। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ আসাদ)

### জ্বালানি তেলের নতুন দাম নির্ধারণ

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম ঊর্ধ্বমুখী থাকলেও, দেশের বাজারে আগস্ট মাসের জন্য জ্বালানি তেলের দাম অপরিবর্তিত রেখেছে সরকার। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করেছে। বৃহস্পতিবার জারি করা এক প্রজ্ঞাপনে জানানো হয়, ডিজেল, কেরোসিন, অকটেন ও পেট্রোলের সর্বশেষ নির্ধারিত খুচরা মূল্যই বহাল থাকবে। ফলে আগস্ট মাসে ডিজেলের দাম প্রতি লিটার ১১৫ টাকা, কেরোসিন ১৩৫ টাকা, অকটেন ১৪৫ টাকা এবং পেট্রোল ১৪০ টাকায় বিক্রি হবে। এর আগে, গত ৩১ মে জ্বালানি তেলের মূল্য নির্ধারণ করা হয়েছিল। এরপর জুন ও জুলাই মাসেও জ্বালানি তেলের মূল্য অপরিবর্তিত রাখা হয়েছিল। প্রজ্ঞাপনে বলা হয়েছে, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত মূল্যহার আগস্ট মাসের জন্য অপরিবর্তিত রাখা হলো অর্থাৎ, সর্বশেষ নির্ধারিত মূল্যহার আগামী ১ আগস্ট থেকেও বলবৎ থাকবে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ আসাদ)

### বালুর ট্রাক দিয়ে রাস্তা আটকে রাখা শেখ হাসিনার কপি : নাহিদ ইসলাম

দেশে নতুন করে ভয়ের সংস্কৃতি চালু করা হচ্ছে বলে অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক সংসদ সদস্য নাহিদ ইসলাম। তিনি বলেছেন, "বালুভর্তি ট্রাক দিয়ে রাস্তা ঘেরাও করে রাখা শেখ হাসিনার কপি।" কপি করে নয়, আন্দোলন দমনে নতুন কৌশল নিয়ে হাজির হতে সরকারের প্রতি আহ্বান জানান তিনি। বৃহস্পতিবার দুপুরে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জাতীয় ছাত্রশক্তির বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে 'অগ্নিঝরা জুলাই : রক্তের ঋণ ও আগামীর বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। হবিগঞ্জে দলের কর্মসূচিতে বাধা ও হামলার প্রসঙ্গ তুলে নাহিদ ইসলাম বলেন, "গত ১৬ বছর ফ্যাসিস্ট সরকার ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট ব্যবহার করে মানুষের কথা বলার অধিকার হরণ করেছিল। বর্তমান সরকারও সেই পথেই হাঁটা শুরু করেছে। গণতন্ত্রে দ্বিমতের সুযোগ রয়েছে উল্লেখ করে তিনি বলেন, বলপ্রয়োগ কারও কাম্য নয়।" তিনি বলেন, ফ্যাসিস্ট শক্তির বিচার ও সংস্কারের দাবিতে তারা আন্দোলন করছেন। ফ্যাসিবাদের বিচার হলে নব্য ফ্যাসিবাদ আর মাথাচাড়া দিয়ে উঠতে পারবে না। ডিসেম্বরে শেখ হাসিনা ঢাকার মাটিতে পা রাখলে 'দেখা যাবে' বলেও মন্তব্য করেন তিনি।
(টুডে ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ আসাদ)

### হাতকড়া আমাদের কাছে নববধূর চুড়ির মতো : কাদের সিদ্দিকী

মানবতাবিরোধী অপরাধের একটি মামলায় গ্রেফতার দেখানোর পর সাবেক মন্ত্রী ও আওয়ামী লীগ নেতা আবদুল লতিফ সিদ্দিকীকে হাতকড়া পরানোর বিষয়ে প্রতিক্রিয়া জানিয়েছেন তার ছোটো ভাই কাদের সিদ্দিকী। হাতকড়াকে নববধূর চুড়ির সঙ্গে তুলনা করে তিনি বলেন, "এ নিয়ে কোনো কথা বলার নেই। এটা সরকার বুঝবে। আমাদের হাতে বহুবার হাতকড়া পড়েছে। আমরা খুব খারাপ কিছু মনে করি না। বিয়ের সময় মেয়ের হাতে চুড়ি যেমন দেওয়া হয়, আমরা তেমনই মনে করি।" বৃহস্পতিবার দুপুরে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রাঙ্গণে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। কাদের সিদ্দিকী বলেন, নিষ্পাপ একজন মানুষকে অন্যায়ভাবে আসামি করায় প্রতিবাদ জানাতে এসেছি। আদালতে প্রত্যেক অভিযুক্ত কথা বলতে পারেন। এটা তার অধিকার। লতিফ সিদ্দিকীও তেমন কথাই বলতে চেয়েছিলেন। কিন্তু তাকে সুযোগ দেওয়া হয়নি। আমি মনে করি, সম্মানী ব্যক্তিদের সম্মান দেওয়া উচিত। লতিফ সিদ্দিকীর অভিযোগ নিয়ে জানতে চাইলে তিনি বলেন, তার বয়স ৮৭ বছর হয়ে গেছে। এখন যদি কোনো অপরাধের দায়ে তার ফাঁসি হয়, তাহলে আমরা সাদরে গ্রহণ করব। কারণ আল্লাহতায়ালা তাকে তখন মুক্তি দেবেন। শাপলা চত্বরে গণহত্যার পরিকল্পনাকারী হিসেবে লতিফ সিদ্দিকীকে আসামি করা হয়েছে, এমন প্রশ্নে কাদের সিদ্দিকী বলেন, পরিকল্পনাকারী বলা যায় না। কারণ তিনি 'কিচেন কেবিনেটেও' ছিলেন না। তিনি তখন পাটমন্ত্রী ছিলেন। পাট নিয়ে হত্যা চলে না। ওই সময় আওয়ামী লীগ ও শেখ হাসিনার কাছে কিছু ঘটনা নিয়ে বিতর্কিত ছিলেন তিনি। উল্লেখ্য, রাজধানীর মতিঝিলে শাপলা চত্বরে ২০১৩ সালের ৫ মে হেফাজতে ইসলামের মহাসমাবেশ ঘিরে সংঘটিত গণহত্যার ঘটনায় হওয়া মানবতাবিরোধী অপরাধের মামলায় লতিফ সিদ্দিকীকে আজ গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানোর আদেশ দেন ট্রাইব্যুনাল-২। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ আসাদ)

## সিঙ্গাপুর থেকে আমদানি হচ্ছে এক কার্গো এলএনজি

দেশের জ্বালানি চাহিদা পূরণে আন্তর্জাতিক কোটেশন সংগ্রহ পদ্ধতিতে সিঙ্গাপুর থেকে এক কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। এতে ব্যয় হবে প্রায় ৯৫০ কোটি টাকা। এছাড়া ৩০ হাজার মেট্রিক টন ব্যাগজাত দানাদার ইউরিয়া সার কেনা হচ্ছে। বৃহস্পতিবার সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব অনুমোদন দেওয়া হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রস্তাব অনুযায়ী, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি ১০৫-এর উপবিধি (৩)-এর দফা (ক) অনুসরণ করে আন্তর্জাতিক কোটেশন সংগ্রহ পদ্ধতিতে আগামী ১৫ থেকে ১৬ আগস্ট ২০২৬ সময়ের জন্য ৪২তম কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস কেনা হবে। এ জন্য সিঙ্গাপুরভিত্তিক প্রতিষ্ঠান ভিটল এশিয়া প্রাইভেট লিমিটেডকে সর্বনিম্ন দরদাতা হিসেবে নির্বাচন করা হয়েছে। প্রতিষ্ঠানটির কাছ থেকে প্রতি এমএমবিটিইউ ২২ দশমিক ৩৫ মার্কিন ডলার দরে এই গ্যাস কেনা হবে। এ ক্রয়ে মোট ব্যয় হবে ৯৪৯ কোটি ৪৩ লাখ ১২ হাজার ১৮৪ টাকা, যার মধ্যে অগ্রিম আয়কর অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া বৈঠকে চলতি ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানি লিমিটেডের কাছ থেকে প্রথম লটে ৩০ হাজার মেট্রিক টন ব্যাগজাত দানাদার ইউরিয়া সার কেনার অনুমোদন করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী, কাফকোর কাছ থেকে ৩০ হাজার মেট্রিক টন ব্যাগজাত দানাদার ইউরিয়া সার কেনায় মোট ব্যয় হবে ১৩২ কোটি ৬২ লাখ ৯০ হাজার ৬২৫ টাকা। প্রস্তাবে প্রতি মেট্রিক টন ইউরিয়া সারের মূল্য নির্ধারণ করা হয়েছে ৩৫৭ দশমিক ২৫ মার্কিন ডলার। এতে সুপারিশ করা দরদাতা হিসেবে রয়েছে কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, বাংলাদেশ। (রেডিও টুডে ওয়েব পেজ:৩০.০৭.২০২৬ আসাদ)

## বাংলাদেশকে আমিরাতের প্রেসিডেন্টের ধন্যবাদ, শিগ্গির ঢাকা সফরের আগ্রহ

সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান ইরানের হামলার পর সংহতি প্রকাশ করায় বাংলাদেশকে ধন্যবাদ জানিয়েছেন এবং শিগ্গিরই ঢাকা সফরের আগ্রহ প্রকাশ করেছেন। ঢাকাস্থ ইউএই দূতাবাস আজ জানিয়েছে, প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে পাঠানো এক চিঠিতে ইউএই প্রেসিডেন্ট কঠিন সময়ে বাংলাদেশের সমর্থনের জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। হামলায় ইউএইতে বসবাসরত দুই বাংলাদেশি নাগরিক নিহত হওয়ার ঘটনায় শোক প্রকাশ করেছেন শেখ মোহাম্মদ। তিনি শোকসন্তপ্ত পরিবারগুলোর পাশাপাশি বাংলাদেশের জনগণের প্রতি গভীর সমবেদনা জানান। অর্থনৈতিক, উন্নয়ন ও মানবিক খাতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশের সঙ্গে দীর্ঘদিনের অংশীদারিত্ব আরও শক্তিশালী করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন ইউএই প্রেসিডেন্ট। এছাড়া, বাংলাদেশ সফরের জন্য প্রধানমন্ত্রীর আমন্ত্রণকে তিনি আন্তরিকভাবে স্বাগত জানান এবং সুবিধাজনক প্রথম সুযোগেই সরকারি সফরে বাংলাদেশে আসার আগ্রহ প্রকাশ করেন। শেখ মোহাম্মদ আশা প্রকাশ করেন, এই সফর দুই বন্ধুপ্রতিম দেশের বিদ্যমান সুদৃঢ় সম্পর্ককে আরও গভীর করতে ভূমিকা রাখবে। চিঠিতে আরও বলা হয়, পারস্পরিক শ্রদ্ধাবোধ, ঘনিষ্ঠ বন্ধুত্ব এবং আঞ্চলিক শান্তি, স্থিতিশীলতা ও সমৃদ্ধির প্রতি অভিন্ন অঙ্গীকারের ভিত্তিতে বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে শক্তিশালী ও বহুমাত্রিক সম্পর্ক বিদ্যমান।
(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ আসাদ)

## স্বাস্থ্য খাতকে আরও শক্তিশালী করতে চিকিৎসকদের সহযোগিতা অপরিহার্য : মির্জা ফখরুল

দেশের স্বাস্থ্য খাতকে আরও শক্তিশালী ও জনমুখী করতে চিকিৎসকদের সক্রিয় সহযোগিতা অপরিহার্য বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ বৃহস্পতিবার রাজধানীর

একটি অভিজাত হোটেলে বিসিএস স্বাস্থ্য ক্যাডার অ্যাসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত 'দ্য ফার্স্ট হেলথ ক্যাডার ডে-২০২৬' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, জনসংখ্যার তুলনায় দেশে চিকিৎসকের সংখ্যা এখনও অপর্যাপ্ত। পাশাপাশি সরকারি হাসপাতালগুলোতে জনবল ও অবকাঠামোগত সংকট থাকায় কাঙ্ক্ষিত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা কঠিন হয়ে পড়েছে। তাই স্বাস্থ্য খাতকে কার্যকর করতে সরকার ও চিকিৎসকদের সমন্বিতভাবে কাজ করতে হবে। তিনি বলেন, অতীতে স্বাস্থ্য খাতে সৃষ্ট নানা অসঙ্গতি দূর করে সরকার একটি আধুনিক ও জনবান্ধব স্বাস্থ্যব্যবস্থা গড়ে তুলতে চায়। এ জন্য উপজেলা ও জেলা পর্যায়ে কর্মরত চিকিৎসকদের কর্মস্থলে থেকে দায়িত্বশীলভাবে সাধারণ মানুষের সেবা নিশ্চিত করার আহ্বান জানান তিনি। চিকিৎসকদের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে স্থানীয় সরকার মন্ত্রী বলেন, চিকিৎসকদের যৌক্তিক দাবিগুলো সরকার গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে। স্বাস্থ্য খাতের উন্নয়ন ও চিকিৎসকদের সমস্যা সমাধানে সবসময় পাশে থাকার আশ্বাস দেন তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ আসাদ)

## বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক নিয়ে ইতিবাচক অগ্রগতির আভাস দিলেন মার্কিন দূত

দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক যুক্তরাষ্ট্রের বিশেষ দূত রাষ্ট্রদূত সার্জিও গর বাংলাদেশে তার প্রথম সরকারি সফর শেষে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে আশাবাদ ব্যক্ত করেছেন। পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠকের পর সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ দেওয়া এক পোস্টে তিনি লেখেন, 'বাংলাদেশে আমার প্রথম সফরে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করে যুক্তরাষ্ট্র-বাংলাদেশ সম্পর্ক আরও শক্তিশালী করার লক্ষ্যে একসঙ্গে কাজ করার বিষয়ে আলোচনা করতে পেরে ভালো লেগেছে। অনেক ইতিবাচক অগ্রগতি হয়েছে।' সফরকালে যুক্তরাষ্ট্রের বিশেষ দূত রাষ্ট্রদূত সার্জিও গর দ্বিপক্ষীয় সহযোগিতা আরও জোরদারের লক্ষ্যে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠক করেন। পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র অংশীদারিত্ব আরও এগিয়ে নেওয়ার বিষয়ে দুই পক্ষের আলোচনার পর তিনি এ মন্তব্য করেন। এতে দ্বিপক্ষীয় সম্পর্ক সম্প্রসারণে ইতিবাচক দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটেছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ আসাদ)

## রাকসু জিএস আম্মারসহ ৯ জনের বিরুদ্ধে মামলা

রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক শিক্ষার্থীকে পিটিয়ে জখম করার অভিযোগে রাকসু জিএস সালাউদ্দিন আম্মারসহ ৯ জনের বিরুদ্ধে আদালতে অভিযোগ দায়ের করা হয়েছে। ইতোমধ্যে অভিযোগটি আমলে নিয়ে ঘটনাটি তদন্তের জন্য পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে নির্দেশ দিয়েছেন আদালত। গতকাল বুধবার রাজশাহীর মতিহার থানা আমলি আদালতে ভুক্তভোগী শিক্ষার্থী মাহমুদুল হাসান মাহিনের বাবা আসাদ উজ জামান বাদী হয়ে এই অভিযোগ দায়ের করেন। অভিযোগে অভিযুক্ত অন্য আসামিরা হলেন- রাকসুর এজিএস সালমান সাব্বির, তথ্য ও গবেষণা সম্পাদক নাজমুস সাকিব, সহ-তথ্য ও গবেষণা সম্পাদক সিফাত আবু সালেহ, ছাত্রশিবিরের প্রচার ও মিডিয়া সম্পাদক মেহেদী সজীব, সিনেট সদস্য ফাহিম রেজা, জিয়া হল সংসদের জিএস আরিফুল ইসলাম, শহিদ হবিবুর রহমান হল সংসদের ভিপি আহসান উল্লাহ ফারহান এবং নবাব আব্দুল লতিফ হল সংসদের জিএস নুরুল ইসলাম শহীদ।
(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ আসাদ)

## দুই বছর পর নীতি সুদহার কমালো বাংলাদেশ ব্যাংক

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের পাশাপাশি বিনিয়োগ ও বেসরকারি খাতে ঋণপ্রবাহে গতি আনতে নীতি সুদহার (রেপো রেট) ৫০ বেসিস পয়েন্ট কমিয়েছে বাংলাদেশ ব্যাংক। এর ফলে নীতি সুদহার বিদ্যমান ১০ শতাংশ থেকে কমে ৯ দশমিক ৫০ শতাংশে নেমে আসছে। একইসঙ্গে সুদহার করিডোরের ঊর্ধ্বসীমা হিসেবে ব্যবহৃত স্ট্যান্ডিং লেন্ডিং ফ্যাসিলিটি (এসএলএফ) হারও ১১ দশমিক ৫০ শতাংশ থেকে কমিয়ে ১১ শতাংশ নির্ধারণ করা হয়েছে। তবে সুদহার করিডোরের নিম্নসীমা হিসেবে বিবেচিত স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি (এসডিএফ) হার ৭ দশমিক ৫০ শতাংশে অপরিবর্তিত রাখা হয়েছে। বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংকের মনিটারি পলিসি ডিপার্টমেন্ট থেকে জারি করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। নতুন সুদহার আগামী ২ আগস্ট থেকে কার্যকর হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল বাংলাদেশ ব্যাংকের মনিটারি পলিসি কমিটির ১৩তম সভা গভর্নর মো. মোস্তাকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় দেশের মূল্যস্ফীতি, বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি, বেসরকারি খাতে ঋণপ্রবাহ, বিনিয়োগ, কর্মসংস্থান, অর্থনৈতিক প্রবৃদ্ধির ধীরগতি এবং বৈদেশিক লেনদেন ভারসাম্যের সাম্প্রতিক পরিস্থিতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনা শেষে কমিটি অর্থনীতির সার্বিক পরিস্থিতি বিবেচনায় নীতি সুদহার ৫০ বেসিস পয়েন্ট কমানোর সিদ্ধান্ত নেয়। পাশাপাশি এসএলএফ হারও একই পরিমাণ কমানো হলেও এসডিএফ হার অপরিবর্তিত রাখা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ৩০.০৭.২০২৬ আসাদ)

# BBC

## US LAUNCHES 'HEAVY' STRIKES ON IRAN AFTER ATTEMPTED ATTACK ON AMERICAN TROOPS

The US military says it has completed a "heavy wave" of strikes against Iran in retaliation for Tuesday's attempted ballistic missile attacks on American forces. Centcom said it hit

"dozens" of Islamic Revolutionary Guard Corps (IRGC) targets in response to Iran's firing on US bases in Jordan and at ships in the Strait of Hormuz. Iranian state media said the latest strikes had killed three people, including a two-year-old child, on Qeshm island, while other locations were also hit in the south and west of the country. The latest hostilities come on a week that has seen the conflict expand, with the first publicly announced joint US-Saudi strikes targeting Iranian proxies in Iraq. The US has blockaded Iranian ports and bombed Iranian sites, while Iran has fired missiles and drones at US assets in countries across the Middle East and targeted shipping in the economically important Strait of Hormuz, connecting the Gulf and Arabian Sea. (BBC News Web Page: 30/07/26, FARUK)

**MISSILE THAT LEFT CRATER DEEP INSIDE POLAND WAS PROBABLY RUSSIAN: POLISH PM**

Polish Prime Minister Donald Tusk has said an object that crashed into a field in eastern Poland in the early hours of Thursday was probably a Russian missile. The unidentified object caused a 10m-wide crater a short distance from the village of Tarnawa Kolonia, about 100km from the border with Ukraine during a large-scale Russian attack on the cities of Lviv, Kyiv and near Kryvyhi Rih. Tusk said initially that "all the indications" were that the missile that violated Polish airspace was a Russian Kh-101 cruise missile, during a specially convened meeting in the eastern city of Lublin. He then went to the site of the incident and said that according to military experts the majority of "recovered fragments point to it being a Russian Kh-101 missile". Although no casualties had been reported in Thursday's incident near Tarnawa Kolonia, the Polish prime minister made clear it was being taken very seriously. (BBC News Web Page: 30/07/26, FARUK)

**THOUSANDS EVACUATED IN CRETE AS EUROPEAN WILDFIRES CONTINUE TO RAGE**

Thousands of people have been evacuated on the Greek island of Crete as wildfires fanned by strong winds menace tourist resorts and villages. Around 8,000 people were evacuated overnight in Rethymno, where gusts have reached 125km per hour. The evacuations came after two firefighters died on the island on Wednesday after getting trapped near Krya Vrysi, and a third died near the Peloponnese port town of Gytheio. Greece is among many European countries facing devastating fires and droughts as the continent experiences extreme high temperatures. Forecasters warn fire-prone conditions will spread towards the centre of Europe this week, with Greece and Turkey among places most affected.
(BBC News Web Page: 30/07/26, FARUK)

**NICARAGUAN LEADER PROPOSES EXTENDING PRESIDENTIAL TERM BY ANOTHER YEAR**

Nicaraguan President Daniel Ortega, who has been in power since 2007, has proposed extending the presidential term by another year. The government-controlled National Assembly is expected to approve the extension in September. It is part of a proposed constitutional reform which also includes plans to bar members of the opposition deemed by the government to be "traitors" or "coup plotters" from running for office. The 80-year-old's rule has become increasingly authoritarian, with political opponents jailed, sent into exile and stripped of their citizenship. During Ortega's 19 years in power, there have been several changes to the presidential term already. (BBC News Web Page: 30/07/26, FARUK)

**VETERAN UGANDAN OPPOSITION LEADER COLLAPSES IN COURT AND IN ICU: HIS WIFE**

Ugandan opposition leader Kizza Besigye has been admitted to an intensive care unit (ICU) in the capital, Kampala, after collapsing and losing consciousness during his treason trial, his wife has said. The 70-year-old has been in detention since November 2024. His lead lawyer was arrested last month and charged with allegedly failing to report acts of treason. The visibly frail politicians was objecting to state lawyers being appointed to represent him when he fell, prompting prison guards to rush him to hospital. "He is unconscious, unable to speak, and unresponsive even to a pain stimulus," his wife, Winnie Byanyima, who heads the UN's agency tackling HIV and Aids (UNAids), wrote on X. Besigye, who has run for president against long-serving leader Yoweri Museveni four times, was dramatically abducted in Kenya in 2024 and taken back to Uganda. (BBC News Web Page: 30/07/26, FARUK)

**THREE CHILDREN AMONG EIGHT DEAD IN RUSSIAN STRIKES ON UKRAINE: OFFICIALS**

Eight people, including three children, have died during a Russian missile and drone attack on Ukraine, according to local officials. Ukrainian President Volodymyr Zelensky said Russia had launched more than 70 missiles and over 280 drones at the country overnight. The worst attack was near Zelensky's hometown of Kryvyhi Rih. Dozens of "ordinary homes, civilian businesses and infrastructure facilities" were destroyed or damaged in the attack, he added. In the capital, Kyiv, residents were forced to take shelter in crowded underground stations. Oleksiy Sorokin, the Deputy Chief Editor for Kyiv Independent, told BBC News that people are trapped in the rubble and the death toll from the attacks "will probably climb." (BBC News Web Page: 30/07/26, FARUK)

**JAPAN EARTHQUAKE DEATH TOLL RISES TO 34 AS EVACUEES BATTLE SWELTERING HEAT**

The number of people who have died after a powerful earthquake hit southwestern Japan has risen to 34, authorities in Kumamoto prefecture said on Thursday. Rescuers are still working to find survivors after the magnitude 6.8 earthquake hit Kumamoto prefecture on Kyushu island on Tuesday, causing widespread damage to houses and power lines. Several people died after part of a shopping centre collapsed and an explosion ripped through the mall about an hour later. Thousands of displaced residents are now staying in evacuation centres - though the challenge is to keep them cool and hydrated as the region battles sweltering heat. Temperatures could reach 39C in the prefecture in the coming days, according to forecasts, with officials urging survivors and rescuers to take precautions against heatstroke. (BBC News Web Page: 30/07/26, FARUK)

**ISRAEL BUILDING NEW LAND BARRIERS IN GAZA AND DISPLACING FAMILIES**

Under the terms of the US-brokered ceasefire deal between Israel and Hamas last October, Israel agreed to withdraw its forces from across Gaza to a designated demarcation - the Yellow Line. The deal was meant to leave Israel in temporary control of the area behind the Yellow Line - equating to 53% of Gaza's territory. However, the Israeli Prime Minister Benjamin Netanyahu recently said the Israel Defense Forces (IDF) controlled more than 60%. In May, he said publicly that his "directive" was to move to 70%. Hamas accuses Israel of violating the October ceasefire agreement by moving the Yellow Line westwards. A senior Israeli government official said Israel rejected Hamas's claims outright. The BBC was told: "IDF deployments and security lines are operational measures taken to protect Israeli citizens and prevent Hamas from rebuilding its terror army. Israel will continue to act against any ceasefire violations." (BBC News Web Page: 30/07/26, FARUK)

**SAUDI ARABIA'S DILEMMA AS IT TRIES TO STAY OUT OF US-IRAN WAR**

Saudi Arabia is facing a difficult dilemma. Ever since the US and Israel launched their war on Iran on 28 February, the Saudis have largely tried to stay out of it. But now, after being attacked from three sides, the Saudis have had enough. This week, they carried out joint strikes with the US on Iranian proxy militias in Iraq who they believe have been launching drones at the Kingdom. For Saudi Arabia the dilemma now is whether to keep on hitting back as a deterrent, or whether to try to de-escalate the situation, perhaps by paying off some of their adversaries. First, a bit of context. There are broadly two sides in the conflict that has been consuming the Gulf and other parts of the Middle East for five months now. (BBC News Web Page: 30/07/26, FARUK)

# :: THE END ::